চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দাম: ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 253 Saturday, 12 August, 2023 ✱ ২৮ বর্ষ, ২৫৩ সংখ্যা ✱ ২৬ শ্রাবণ, ১৪৩০, শনিবার, ১২ আগস্ট, ২০২৩ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য- ৩ টাকা

দীর্ঘ আইনি লড়াইয়ের পর অবশেষে মিলল স্বস্তি। ২০০৯ এর চাকরি, অবশেষে হাতে পেল নিয়োগপত্র।
...বিস্তারিত পাতা ৩

বগটুই কাণ্ড প্রভাব ফেলে নি নির্বাচনে, শেষমেশ বড়শাল পঞ্চায়েতে বোর্ড গঠন করলো তৃণমূল কংগ্রেস।
...বিস্তারিত পাতা ৫

কাচের বয়ামের ঢাকনা খুললেই ছত্রাকর উপস্থিতি। আচারের একেবারে দফারফা হয়ে যায়! কীভাবে ঠিক রাখবেন?
...বিস্তারিত পাতা ৬

ডু অর ডাই' ম্যাচ জিতল কলকাতার মহামেডান স্পোর্টিং। ডুরান্ড কাপে শুক্রবার সাদা-কালো শিবিরের সঙ্গে ম্যাচটা ছিল ইন্ডিয়ান নেভির।
...বিস্তারিত পাতা ৮

স্বাস্থ্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অপসারণের নির্দেশ রাজ্যপালের

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট ঃ এবার রাজ্য-রাজ্যপাল সংঘাতে নয়া মোড়! স্বাস্থ্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সুহৃতা পালকে পদ থেকে সরানোর নির্দেশ দিলেন রাজ্যপাল তথা আচার্য সি ভি আনন্দ বোস। শুক্রবার রাজভবন সূত্রে এই খবর জানা গিয়েছে। অভিযোগ ও প্রশ্ন উঠেছে, ইউজিসি'র নিয়ম মেনে উপাচার্য হিসেবে নিযুক্ত হননি সুহৃতা পাল। তাহলে কেন তাঁকে সরানো হবে না? এই প্রশ্ন তুলে ৭২ ঘণ্টার মধ্যে উপাচার্যকে জবাব দিতে বলেছিলেন আচার্য বোস। উপাচার্য উত্তরে জানিয়েছিলেন জগদীপ ধনখড় রাজ্যপাল থাকাকালীন তিনি উপাচার্যের জবাবে সন্তুষ্ট হননি। এরপরই স্বাস্থ্য সচিবকে রাজভবনের তরফ থেকে উপাচার্যকে সরানোর কথা জানিয়ে দেওয়া হয়েছে। রাজ্য বনাম রাজভবন সংঘাত ক্রমশ বেড়ে চলেছে। শিক্ষার ক্ষেত্রে উচ্চশিক্ষা দফতরের ও শিক্ষামন্ত্রীর সঙ্গে বারবার বিরোধ দেখা গিয়েছে রাজ্যপাল সিভি আনন্দ বোসের। আচার্য হিসাবে রাজ্যপালকে মান্যতা দিতে চান না প্রাক্তন উপাচার্যদের একাংশ। মুখ্যমন্ত্রীকেই সেই পদে রাখার দাবি তুলেছেন তাঁরা। আবার এর বিরোধী একা অংশ তৈরি হয়েছে শিক্ষাবিদ মহলে। উল্লেখ্য, ২০০৪ সালে এ রাজ্যে স্বাস্থ্য বিশ্ববিদ্যালয় তৈরি হয়। সেই সময় উপাচার্য নিয়োগের জন্য একটি সার্চ কমিটি গঠিত হয়েছিল। সেই কমিটির সুপারিশ অনুযায়ীই নিয়োগ হত। তাতে ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বা ইউজিসি-র কোনও প্রতিনিধি। ২০১৩ সালে আইন সংশোধন হয়। এরপর বাদ পড়ে ইউজিসির প্রতিনিধি।সেই নতুন সার্চ কমিটিই নিয়োগ করেছিল সুহৃতা পালকে।

বিজেপি সংবিধান অনুযায়ী কাজ করতে চায় না ঃ খাড়গে

নয়াদিল্লি, ১১ আগস্ট ঃ লোকসভার বিরোধী দলনেতা ও কংগ্রেস সাংসদ অধীর রঞ্জন চৌধুরীকে সাসপেন্ড করায় ক্ষোভে ফেটে পড়ল ''ইন্ডিয়া'' জোট। শুক্রবার লোকসভার অধিবেশন বয়কট করলেন ইন্ডিয়া জোটের সাংসদরা। বিরোধীদের বিক্ষোভের নেতৃত্ব দেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। সংসদ চত্বরে আমেদবকের মূর্তির পাদদেশে তাঁরা বিক্ষোভ প্রদর্শন করেন। অরাজ্যসভার দলনেতা ও কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে বলেছেন, তাঁরা গণতন্ত্রকে দমন করতে চায় এবং সংবিধান অনুযায়ী কাজ করতে চায় না। সেজন্য আমরা সবাই এখানে প্রতিবাদ করছি। আমরা তাদের অবৈধ কাজের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাব...গণতন্ত্রকে বাঁচিয়ে রাখতে সংসদের ভিতরে ও বাইরে লড়াই করব। অনির্দিষ্টকালের জন্য মুলতুবি হয়ে গেল লোকসভা ও রাজ্যসভার অধিবেশন। শেষ দিনেও অশান্তির সাক্ষী থেকেছে লোকসভা ও রাজ্যসভা। এদিন আপ সাংসদ রাঘব চাড্ডাকে সাসপেন্ডের ঘোষণা করেছেন রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড়। জগদীপ বলেন, আমি রাঘব চাড্ডাকে সার্ভিস অফ দ্য কাউন্সিল থেকে সাসপেন্ড করছি, যতক্ষণ না কাউন্সিলের বিশেষাধিকার কমিটির রিপোর্টের সুবিধা পাওয়া যায়। রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখ। আপ সাংসদ সঞ্জয় সিংকে সাসপেন্ড করার ঘোষণা করেছেন। তিনি বলেছেন, ...আমি বিষয়টিকে বিশেষাধিকার কমিটির কাছে উল্লেখ করা সমীচীন বলে মনে করি... ২৪ জুলাইয়ের স্থগিতাদেশের আদেশ বর্তমান অধিবেশনের পরেও অব্যাহত থাকতে পারে যতক্ষণ না কাউন্সিলের বিশেষাধিকার কমিটির সুপারিশের সুবিধা পাওয়া যায়।

যাদবপুরের ঘটনায় রিপোর্ট তলব রাজ্য মানবাধিকার কমিশনের

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট ঃ যাদবপুরের ঘটনা নিয়ে রাজ্য মানবাধিকার কমিশন কলকাতা পুলিশ ও যাদবপুর বিশ্ববিদ্যালয় কতৃপক্ষর কাছে স্বতপ্রনোদিত ভাবে রিপোর্ট তলব করেছে। আগামী ২৪ তারিখের মধ্যে এই রিপোর্ট চাওয়া হয়েছে বলে জানা গিয়েছে। সেই রিপোর্ট পর্যালোচনা করে কমিশন পরবর্তী পদক্ষেপ নেবে। এইদিকে এই ঘটনার পরে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নির্দেশ মেনে অ্যান্টি র‍্যাগিং কমিটি প্রথম বর্ষের সব প।ুয়াকে পৃথক হোস্টেলে রাখার প্রস্তাব দিয়েছে।

প্রাথমিকে পড়ানোর সুযোগ পাবেন না বি.এড প্রশিক্ষিতরা, সুপ্রিম রায়

নয়াদিল্লি, ১১ আগস্ট ঃ প্রাথমিক শিক্ষক নিয়োগ প্রক্রিয়া থেকে বাদ পড়লেন বি.এড প্রশিক্ষিতরা।

সুপ্রিম কোর্টের নির্দেশে এমনই কোপ পড়ল তাঁদের উপর। কলকাতা হাই কোর্টের নির্দেশ খারিজ করে শুক্রবার শীর্ষ আদালত জানিয়ে দিল, প্রাথমিকে শুধুমাত্র ডি.এল.এড বা ডি.এড ডিগ্রিধারীরাই আবেদন করতে পারবেন। বি.এড প্রশিক্ষিতরা উচ্চ প্রাথমিক বা উচ্চমাধ্যমিকের জন্যই। এই নির্দেশে বিপাকে কয়েকশো আন্দোলনকারী। ২০১৪ সালের ডি.এল.এড পরীক্ষার্থীরা এতদিন ধরে আন্দোলন চালিয়েও হতাশ হলেন। এর আগে কলকাতা হাই কোর্টের নির্দেশ ছিল, বি.এড প্রশিক্ষণপ্রাপ্তরাও প্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিকের জন্য আবেদন করতে পারেন। কিন্তু এই হাই কোর্টের এই রায় শুক্রবার খারিজ করে দিল সুপ্রিম কোর্ট। এখন থেকে বি.এড প্রশিক্ষিতরা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের জন্যই আবেদন করতে পারবেন। আর ডি.এল.এড ও ডি.এড প্রশিক্ষিতদের প্রাথমিক স্কুলে নিয়োগ করা উচিত বলে পর্যবেক্ষণ বিচারপতিদের।তথ্য বলছে, বিভিন্ন রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলিতে বি.এড ডিগ্রিধারী শিক্ষকের সংখ্যাও কম নয়। এনসিটিই-র নির্দেশিকা অনুযায়ী, শুধু বি.এড-রা উচ্চ বিদ্যালয়ের পাশাপাশি প্রাথমিকেও সুযোগ পেতেন। কিন্তু ডি.এল.এডদের সেই সুযোগ ছিল না। তাঁরা শুধু প্রাথমিকেই বসার সুযোগ পেতেন। এনসিটিই-র ওই নির্দেশিকা চ্যালেঞ্জ করে দেশজু।ে মামলা করেন ডিএলএডরা। সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ, ডি.এড বা ডি.এল.এড ডিগ্রি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতার জন্য নির্দিষ্ট। আর উচ্চ বিদ্যালয়ের ক্ষেত্রে বি.এড বাধ্যতামূলক। তাই চাকরিতে সুযোগের ক্ষেত্রেও নির্দিষ্ট কোর্স থাকা প্রয়োজন। কারণ, বি.এড-দের প্রাথমিকের চাকরিতে সুযোগ দেওয়া হলে বঞ্চিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

লোকসভা ও রাজ্যসভা অনির্দিষ্টকালের জন্য মুলতুবি, অধীরকে সাসপেন্ড

নয়াদিল্লি, ১১ আগস্ট ঃ লোকসভা থেকে কংগ্রেস সাংসদ অধীর রঞ্জন চৌধুরীকে সাসপেন্ড করা নিয়ে এবার উত্তাল হল সংসদ। অধীরকে সাসপেন্ড করা নিয়ে শুক্রবার লোকসভা ও রাজ্যসভায় হইহট্টগোল করেন কংগ্রেস-সহ অন্যান্য বিরোধী দলের সাংসদরা। তুমুল হৈচৈয়ের মধ্যে লোকসভার অধিবেশন প্রথমে দুপুর বারোটা ও পরে দুপুর ১২.৩০ মিনিট পর্যন্ত মুলতুবি করে দেওয়া হয়েছে। রাজ্যসভার অধিবেশন দুপুর ১২.০০ মিনিট পর্যন্ত মুলতুবি করে দেওয়া

হয়। রাজ্যসভা এদিন অধীরকে সাসপেন্ড করা নিয়ে উত্তাল হয়েছে। রাজ্যসভায় বিষয়টি উত্থাপন করেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খা।গে। রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখ।রে উদ্দেশ্যে রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গে বলেন, সামান্য বিষয়ে তাঁকে সাসপেন্ড করা হয়েছে। তিনি শুধু নীরব মোদী বলেছেন। নীরব মানে শান্তি, নীরবতা। এ জন্য তাঁকে সাসপেন্ড করেছেন? অধীরকে সাসপেন্ডের প্রতিবাদে ইন্ডিয়া জোটের সাংসদরা এদিন লোকসভার অধিবেশন বয়কট করেন এবং সংসদ চত্বরে ডঃ বি আর আম্বেদকরের মূর্তি পর্যন্ত মিছিল করেন।

'নকল কুস্তি চলছে, যে মারছে, সেও জানে যে লাগবে না, যে মার খাচ্ছে, সেও জানে'

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট ঃ সংসদের বাদল অধিবেশনে কংগ্রেস সাংসদ অধীররঞ্জন চৌধুরীকে সাসপেন্ড করা আসলে তাঁকে ভাসিয়ে রাখতে চাওয়া। বিজেপির বিরুদ্ধে এই ভাষাতেই তোপ দাগলেন তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। শুক্রবার সাংবাদিক সম্মেলনে তিনি বলেন,ইন্ডিয়া-কে ভয় পাচ্ছেন মোদি, বাংলাকে ভয় পাচ্ছেন। এর মধ্যে অধীররঞ্জন চৌধুরী ওঁর ব্লু-আইড বয়। তাঁকে ভাসিয়ে রাখতে চাইছেন। কখনও অপমান করছেন। শূন্য পাওয়া দলের সভাপতিকে প্রচারে রাখার চেষ্টা করছেন। এটা মোদির কৌশল, বিজেপির কৌশল। বৃহস্পতিবার সংসদে অনাস্থা প্রস্তাবের জবাবি ভাষণে প্রধানমন্ত্রী মোদি অধীরবাবু' সম্বোধন করে একাধিক মন্তব্য করেন। কংগ্রেসকে কটাক্ষ করলেও অধীর চৌধুরীর প্রতি তাপর্যপূর্ণভাবে নরম মনোভাব দেখান তিনি। প্রধানমন্ত্রীর দাবি, কলকাতার ফোন পেয়ে অধীর চৌধুরীকে কোণঠাসা করছে কংগ্রেস।



অর্থাৎ তাঁর নিশানায় তৃণমূল এবং ইন্ডিয়া জোটে কংগ্রেস-তৃণমূলের সখ্য। প্রধানমন্ত্র নরেন্দ্র মোদির মতে, বঙ্গে তৃণমূলের তীব্র বিরোধিতা করা প্রদেশ কংগ্রেস সভাপতি তথা সাংসদের ক্ষেত্রে সমীকরণ ভিন্ন। আর তাই অধীরবাবু'র সঙ্গে এমন আচরণ কংগ্রেসের। এবার প্রধানমন্ত্রীর সেই বক্তব্য নিয়ে মুখ খুললেন তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ। তিনি বলেন, নকল কুস্তি চলছে। যে মারছে, সেও জানে যে লাগবে না, যে মার খাচ্ছে, সেও জানে। আসলে তৃণমূল বিরোধীদের মূল শক্তি। সেখানে অধীরকে ভাসিয়ে রাখতে চাইছেন। ইন্ডিয়া জোট কোনও ব্যক্তিকে নিয়ে চলে না। জোট সকলকে নিয়ে চলে। আর কংগ্রেস এখানে সিপিএম, বিজেপিকে নিয়ে চলে। অবস্থান বদলানো উচিত। এভাবে দিল্লিতে একরকম অবস্থান, এখানে আলাদা - সেটা হওয়া উচিত না। কেন্দ্রীয় নেতৃত্ব নিশ্চয়ই বোঝাবে। ওয়াকিবহাল মহল বলছে, সংসদে মোদির ওই বক্তব্য আসলে কংগ্রেস ও তৃণমূলের মধ্যে বিভাজনে উসকানি ছাড়া কিছুই নয়। আর তার জবাবে বিজেপি-কংগ্রেস সখ্য নিয়ে খোঁচা দিতে ছাড়লো না তৃণমূল কংগ্রেস।

সংসদে মোদীর জবাবি বক্তব্য নিয়ে তীব্র কটাক্ষ

সংসদেই মুছে দেওয়া হল ভারতমাতা'র নাম! বিস্মিত রাহুল

নয়াদিল্লি, ১১ আগস্ট ঃ বৃহস্পতিবার সংসদে হাজির হয়ে ২ ঘণ্টা ১৩ মিনিট বক্তব্য রাখেন। যার মধ্যে শেষের মাত্র কয়েক

মিনিট মণিপুরের প্রসঙ্গ উত্থাপন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সংসদে প্রধানমন্ত্রী মোদীর জবাবি বক্তব্য নিয়ে এভাবেই তীব্র কটাক্ষ করলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। এদিন তিনি বলেন, মণিপুর যখন জ্বলছে, সেখানকার মহিলাদের উপর অত্যাচর করা হচ্ছে, শিশুদের হত্যা করা হচ্ছে, তখন প্রধানমন্ত্রীর এমন হালকা মেজাজ থাকা উচিত নয়। ভারতের একটি রাজ্যে যখন এই পরিস্থিতি, তখন হেসে হেসে মজার জোকস বলেন প্রধানমন্ত্রী। ভারতের প্রধানমন্ত্রীকে এসব শোভা পায় না বলে কটাক্ষ করেন রাহুল গান্ধী। ২০২৪ সালে প্রধানমন্ত্রী হিসেবে মোদী ফিরবেন কি না, সেটা বড় কথা নয়। মণিপুর জ্বলছে, সেখানে মহিলা, শিশু সবার প্রাণ যাচ্ছে, অত্যাচার হচ্ছে, সেসব বিষয় নিয়ে প্রধানমন্ত্রী কেন বক্তব্যের শেষ ভাগে উল্লেখ করলেন বলে প্রশ্ন তোলেন রাহুল। মণিপুরের বিষয় উল্লেখ না করে, প্রধানমন্ত্রী সংসদে দাঁড়িয়ে হাসছিলেন বলে শুক্রবার সাংবাদিক বৈঠক কটাক্ষ করেন রাহুল গান্ধী।

সংসদে তাঁর ভাষণ থেকে ভারতমাতার হত্যা' বাদ প।া নিয়ে ক্ষুব্ধ রাহুল গান্ধী। তাঁর অভিযোগ, ইতিহাসে এই প্রথমবার ভারতমাতা' শব্দটি সংসদের কার্যবিবরণী থেকে বাদ প।ল। এবার কি এই দেশের মানুষ ভারতমাতাও বলতে পারবেন না? প্রশ্ন কংগ্রেস নেতার।আসলে গত বুধবার লোকসভা রাহুল যে ভাষণ দিয়েছিলেন, তাতে তিনি অভিযোগ করেন, মণিপুরে ভারতমাতার হত্যা করা হয়েছে। স্পিকার ওম বি।লার নির্দেশে রাহুলের বক্তব্যের সেই অংশ কার্যবিবরণী থেকে বাদ দেওয়া হয়েছে। বিশেষ করে ভারত মাতা'র হত্যা সংক্রান্ত যে অংশটি নিয়ে সবচেয়ে বেশি বিতর্ক হয়েছে, সেই অংশটির রেকর্ড রাখা হয়নি। তাতেই রাহুল ক্ষুব্ধ। রীতিমতো বিস্ময় প্রকাশ করে তিনি বলছেন, এবার কি ভারতমাতাও বলা যাবে না? রাহুল দাবি করেছেন, তাঁর মণিপুর সফরে কুকি এলাকায় মেইতেই নিরাপত্তারক্ষী আর মেইতেই এলাকায় কুকি নিরাপত্তারক্ষীও নিয়ে যেতে দেওয়া হয়নি। বলা হয়েছিল, কুকি এলাকায় মেইতেই নিরাপত্তারক্ষী আনলে তাঁকে মেরে ফেলা হবে। আর মেইতেই এলাকায় কুকি নিরাপত্তারক্ষী আনলে তাঁকেও মেরে ফেলা হবে। প্রাক্তন কংগ্রেস সভাপতি বলছেন,তার মানে এটা স্পষ্ট যে মণিপুর আর একটা রাজ্য নেই। দুটি রাজ্যে পরিণত হয়েছে। বিজেপি মণিপুরকে হত্যা করেছে। ভারতের হত্যা হয়েছে। ওখানে শুধুই হিংসা হচ্ছে। কোনও আলোচনা হচ্ছে না। রাহুলের বক্তব্য,আমি কি এমন ভুল বললাম। আমি বলেছি ভারত মাতা যেটা একটা আদর্শ, ভারতে সবাই একসঙ্গে ভালবেসে, মিলেমিশে থাকে, সেই আদর্শটাকে হত্যা করা হয়েছে। তাহলে ভুলটা কী বললাম? প্রাক্তন কংগ্রেস সভাপতির অভিযোগ, ভারতমাতা' শব্দটি সংসদের বিবরণী থেকে বাদ দিয়ে আসলে শব্দটির অপমান করা হয়েছে।

আর থাকছে না ঔপনিবেশিক আইপিসি ! বদলে ভারতীয় ন্যায় সংহিতা' আনছে মোদি সরকার

নয়াদিল্লি, ১১ আগস্ট ঃ ব্রিটিশ আমলের তিন ফৌজদারি আইনে বদল আনছে কেন্দ্র। আর থাকছে না ঔপনিবেশিক' ইন্ডিয়ান পেনাল কোড বা আইপিসি । একই সঙ্গে বিলুপ্ত হতে চলেছে কোড অফ ক্রিমিন্যাল প্রসিডিউর বা সিআরপিসি, এবং ভারতীয় সাক্ষ্য আইন বা ইন্ডিয়ান এভিডেন্স অ্যাক্ট। এই তিন ব্রিটিশ আমলের আইনের পরিবর্তে তিনটি নতুন আইন আনার লক্ষ্যে শুক্রবার তিনটি বিল এনেছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

শাহর পেশ করা বিল অনুযায়ী, ১৮৬০ সালের ইন্ডিয়ান পেনাল কোড বা ভারতীয় দণ্ডবিধি এবার হতে চলেছে ভারতীয় ন্যায় সংহিতা। সিআরপিসি বদলে গিয়ে হবে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা। এবং এভিডেন্স অ্যাক্ট বদলে হবে ভারতীয় সাক্ষ্য আইন। শুক্রবার এই তিনটি বিলই লোকসভায় পেশ হয়েছে। তবে



এখনও সেটা পাশ হয়নি। আরও পর্যালোচনার জন্য এই তিনটি বিল পাঠানো হয়েছে স্ট্যান্ডিং কমিটিতে। শাহ এদিন বলেন, ব্রিটিশ আমলে ইংরেজদের দাসত্বের প্রতীক ছিল এই আইপিসি এবং সিআরপিসি। আমাদের আমলে এই ব্রিটিশ আইন চলবে না। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, ব্রিটিশ আমলে এই আইপিসি ছিল ভারতীয়দের শাস্তি দেওয়ার আইন। শাস্তি দেওয়ায় ছিল এই আইনের মূল উদ্দেশ্য। ন্যায় প্রতিষ্ঠা করা নয়। আমরা যে নতুন আইন আনব, সেটার মূল উদ্দেশ্য হবে ন্যায় প্রতিষ্ঠা করা।

সূত্রের খবর, কেন্দ্র যে নতুন আইন আনছে তাতে পুরনো ইন্ডিয়ান পেনাল কোডের বেশ কিছু ধারা বাতিল করা হচ্ছে। কয়েকটি ধারা সংশোধনও করা হচ্ছে। একইভাবে সিআরপিসি এবং সাক্ষ্য আইনেও বেশ কিছু পরিবর্তন করা হচ্ছে। তাৎপর্যপূর্ণভাবে সবকটা আইনের নামের ক্ষেত্রেই হিঃদ ভাষা প্রাধান্য পেয়েছে।

ভারতের চাপেই 'খলিস্তানি সন্ত্রাস' নিয়ন্ত্রণে তহবিল ব্রিটেনের

নয়াদিল্লি, ১১ আগস্ট ঃ খলিস্তানি সন্ত্রাস' নিয়ন্ত্রণে তহবিল গড়ছে ব্রিটেন। এমনটাই জানিয়েছেন দেশটির নিরাপত্তা মন্ত্রী টম টুজেনডাট। ভারতের চাপেই কী এহেন পদক্ষেপ করল ডাউনিং স্ট্রিট, উঠছে প্রশ্ন। তিনদিনের ভারত সফরে এসেছেন নিরাপত্তা মন্ত্রী টম টুজেনডাট। সেপ্টেম্বরে জি-২০ সম্মেলনের আগে দুই দেশের মধ্যে সম্পর্ক আরও মজবুত করতেই এই সফর। ব্রিটিশ দূতাবাসের তরফে জারি করা এক বিবৃতিতে বলা হয়েছে, বৃহস্পতিবাার ভারতের বিদেশমন্ত্রী এস জয়শংকরের সঙ্গে বৈঠকে বসেন নিরাপত্তা মন্ত্রী টম টুজেনডাট। সেখানেই খলিস্তানি সন্ত্রাস নিয়ন্ত্রণে নতুন তহবিল গড়ার কথা ঘোষণা করেছেন তিনি। জানা গিয়েছে, নতুন তহবিলের জন্য প্রাথমিকভাবে ৯৫ হাজার পাউন্ড বা প্রায় ১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। গত মার্চ মাসে লন্ডনের ভারতীয় দূতাবাসে কার্যত তাণ্ডব চালায় খলিস্তানিরা। দপ্তরের সামনে জাতীয় পতাকা টাঙানো ছিল, সেটি খুলে ফেলে দিয়ে হলুদ খলিস্তানি পতাকা লাগিয়ে দেয় বিক্ষোভকারীরা। কেন পর্যাপ্ত নিরাপত্তা ছিল না দূতাবাসের সামনে, সেই নিয়ে ব্রিটিশ প্রশাসনের তীব্র সমালোচনা করে ভারত। মধ্যরাতেই তলব করা হয় ভারতে নিযুক্ত ব্রিটিশ হাই কমিশনারকে। প্রসঙ্গত উল্লেখ্য, কয়েকদিন আগেই একটি রিপোর্টে বলা হয়, খলিস্তানিদের হিটলিস্টে রয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শুধু তাই নয়, বিদেশমন্ত্রী এস জয়শংকর এবং কানাডায় নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত সঞ্জয় কুমার ভার্মাও নাকি রয়েছেন জঙ্গিদের নিশানায়। গত জুন মাসে কানাডায় খুন হয় খলিস্তান টাইগার ফোর্সে'র প্রধান হরদীপ সিং নিজ্জর। ভারতের বিরুদ্ধে সন্ত্রাসবাদী কার্যকলাপে জড়িত ছিল নিজ্জর। কিন্তু ভারত ছাড়ার পরে পান্নুন তাকে কানাডায় বিচ্ছিন্নতাবাদী সংগঠনের প্রতিনিধি নিযুক্ত করে। কয়েকবছর আগেই রেফারেন্ডাম-২০২০ প্রচারাভিযান'-এর দায়িত্বও পায় নিজ্জর। তাঁকে প্রায়শই ভ্যানকোভারের ভারতীয় দূতাবাসের সামনে বিক্ষোভে সামিল হতে দেখা যায়।

মমতাকে একহাত নিলেন শুভেন্দু

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্ট ঃ তোষণের রাজনীতির নামে মমতা বংদ্যোপাধ্যাযকে একহাত নিলেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। টুইটারে শুভেন্দুবাবু লিখেছেন, তোষণের রাজনীতির মূল উদ্দেশ্যই হলো ক্ষমতা দখল করে শোষণ করা। তাই যেকোনো প্রকারেই ক্ষমতা দখল করার পথ প্রশস্ত করার অন্যতম উপায় হলো বিভাজন ও তোষণের রাজনীতি করে মানুষকে ভুল বুঝিয়ে রাখা। সেক্ষেত্রে প্রকৃত উন্নয়ন করার প্রয়োজনই নেই। কিন্তু মুশকিল হলো সেই ক্ষমতা দখলের পথে যদি কেউ বাধা হযে.ওঠে, এবং সেই ব্যক্তি যদি সেই সম্প্রদায়ের হন যে সম্প্রদায়ের লোকজন কে তোষণ করা হচ্ছে, তাহলেও তার জন্য কোনো ছাড় নেই। আজকের দিনের দুই বিপরীত চিত্র তুলে ধরলাম এক দিকে যশস্বী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস' মডেল আর এক দিকে মমতা বন্দ্যোপাধ্যায়ের সাম্প্রদায়িক তোষণের রাজনীতির নেতিবাচক কর্মকাণ্ডের কুফল। তফা ছিল, তফাৎ আছে, তফাৎ থাকবে। এই নিয়ে তৃণমূলের তরফে কোনও জবাবা দেওয়া হয়নি।

এক্তিয়ার বহির্ভূত কাজ, এনএইচআরসিকে 'সুপ্রিম' তোপ

পঞ্চায়েত ভোটে পর্যবেক্ষক নিয়োগ নিয়ে

নয়াদিল্লি,১১ আগস্ট ঃ বাংলার পঞ্চায়েত ভোটে পর্যবেক্ষক নিয়োগ এক্তিয়ার বহির্ভূত কাজ ছিল বলে সুপ্রিম কোর্ট এদিন জানিয়ে দিল। নিজেদের সুপারবডি' হিসেবে গণ্য করে এহেন স্বতঃপ্রণোদিত হস্তক্ষেপের জন্য সুপ্রিম কোর্টের মোটেই পছন্দ হয় নি বলে তীব্র ভর্সনার মুখে পড়ল জাতীয় মানবাধিকার কমিশন। জানা গিয়েছে, শুক্রবার এই সংক্রান্ত মামলায় সুপ্রিম' তোপের মুখে পড়ে ওই কেন্দ্রীয় সংস্থা। পর্যবেক্ষক নিয়োগ নিয়ে কলকাতা হাই কোর্টও জাতীয় মানবাধিকার কমিশনের সিদ্ধান্তের বিরোধিতা করেছিল। তার বিরোধিতায় শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েও ভর্সনার মুখে পড়তে হল কমিশনকে। শুক্রবার সুপ্রিম কোর্টের বিচারপতি বিভি নাগারত্ন ও বিচারপতি উজ্জ্বল ভুঁইঞার ডিভিশন বেঞ্চে মামলাটি ওঠে। শুনানিতে জাতীয় মানবাধিকার কমিশনের উদ্দেশে কড়া ভাষায় মন্তব্য করেন বিচারপতিরা। তাঁদের বক্তব্য, এমন অনেক ক্ষেত্র আছে, যেখানে কমিশনের হস্তক্ষেপ করা দরকার ছিল। কিন্তু সেসব জায়গায় না গিয়ে বাংলার পঞ্চায়েত ভোটে নিজেদের সর্বেসর্বা' ভেবে, এক্তিয়ারের বাইরে গিয়ে পর্যবেক্ষ নিয়োগ করেছে। গোটা নির্বাচন প্রক্রিয়া পরিচালনার জন্য একটি স্বশাসিত সংস্থা রয়েছে। জাতীয়

মানবাধিকার কমিশন স্বৈরাচারী মনোভাব নিয়ে এই কাজ করেছে বলে পর্যবেক্ষণ সুপ্রিম কোর্টের ডিভিশন বেঞ্চে। উল্লেখ্য, পঞ্চায়েত ভোট পর্বে রাজ্যের বিভিন্ন প্রান্তে রাজনৈতিক হিংসার খবরে পর্যবেক্ষক নিয়োগ করেছিল জাতীয় মানবাধিকার কমিশন। রাজ্যের নির্বাচন প্রক্রিয়ায় কেন্দ্রের এই অযাচিত হস্তক্ষেপের বিরোধিতায় কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয় রাজ্য নির্বাচন কমিশন। তাতে হাই কোর্টে স্পষ্টতই কমিশনের ভূমিকার সমালোচনা করা হয়েছিল। তার পাশাপাশি, শাসকদলের অভিযোগ ছিল, বাংলার প্রতি কেন্দ্রের প্রতিহিংসামূলক আচরণের এও এক নিদর্শন। তাই এখানকার ভোটে পর্যবেক্ষক পাঠানো হল। হাই কোর্টের এই পর্যবেক্ষণের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় , কিন্তু সেখানেও তাদের তোপের মুখে পড়তে হল হয় বলে খবর মিলেছে।

বিজ্ঞানী বিকাশ সিংহর স্মৃতিতে শোক মমতা বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ১১ আগস্ট ঃ বিশিষ্ট বিজ্ঞানী বিকাশ সিংহর স্মৃতিতে শোক প্রকাশ করলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।মুখ্যমন্ত্রী টুইটারে লিখেছেন, মহান বিজ্ঞানী বিকাশ সিনহার অকাল প্রয়াণে শোকাহত। বাংলার এক কৃতী সন্তান, এই প্রতিভাবান পারমাণবিক পদার্থবিজ্ঞানী শুধুমাত্র জ্ঞানের জগতেই নয়, চলমান জনজীবনেও তাঁর অবদানের মাধ্যমে আমাদের গর্বিত করেছেন।আমরা তাকে ২০২২ সালে আমাদের সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার 'বঙ্গবিভূষণ' প্রদান করতে পেরেছি, এবং মঞ্চে তাঁর ব্যক্তিগত উপস্থিতি আমাদের অনুপ্রাণিত করেছিল। আমরা তাঁকে ২০২২ সালেও 'রবীন্দ্র স্মৃতি পুরস্কার' দিতে পেরেছি। আমি তাঁর পরিবার, বন্ধুবান্ধব, ছাত্র এবং ভক্তদের প্রতি আমার আন্তরিক সমবেদনা জানাই।

স্পোর্টস কোটায় পড়াতে ৭৫ শতাংশ নম্বর দরকার নেই জানাল সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ১১ আগস্ট ঃস্পোর্টস কোটায় পড়তে হলে দ্বাদশ শ্রেণিতে ৭৫ শতাংশ নম্বর প্রয়োজন নেই। পঞ্জাবের একটি বিশ্ববিদ্যালয় এই প্রয়োজনের নিয়ম চালু করেছিল। কিন্তু সুপ্রিম কোর্ট জানিয়ে দিল এই দাবি বৈষম্যমূলক।দ্বাদশ শ্রেণিতে ৭৫ শতাংশ নম্বর পেলে তবেই স্পোর্টস কোটায় পরবর্তী কালে পড়ার সুযোগ পাওয়া যাবে- এই নিয়ম করলে অনেক উঠতি খেলোয়া।ই উসাহ হারাবে বলে মনে করছে দেশের সর্বোচ্চ আদালত। বৃহস্পতিবারের এই পর্যবেক্ষণের কথা প্রকাশ্যে এসেছে শুক্রবার।সুপ্রিম কোর্টের বিচারপতি রবীন্দ্র ভাট এবং বিচারপতি অরবিন্দ কুমারের বেঞ্চ এই পর্যবেক্ষণের কথা জানিয়েছে। স্পোর্টস কোটায় পড়ার সুযোগ পেতে হলে দ্বাদশ শ্রেণিতে ৭৫ শতাংশ নম্বর প্রয়োজন- এই নিয়ম নিয়ে প্রশ্ন তুলে পঞ্জাব এবং হরিয়ানা হাই কোর্টে একটি মামলা করা হয়েছিল। কিন্তু হাই কোর্ট মামলাটি খারিজ করে দেয়। তার বিরোধিতা করে সুপ্রিম কোর্টে আবেদন করা হয়। সুপ্রিম কোর্টে দুই বিচারপতির বেঞ্চ এটিকে বৈষম্যমূলক বলে।

ছাত্র মৃত্যুর ঘটনায় সিবিআই তদন্ত চেয়ে কেন্দ্রকে চিঠি শঙ্কুদেবের

কলকাতা, ১১ আগস্ট ঃযাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্র মৃত্যুর ঘটনায় সিবিআই তদন্তের দাবি তুললেন বিজেপি-র শঙ্কুদেব পন্ডা। এই বিষয়ে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানকে তিনি চিঠি লিখেছেন।উচ্চ পর্যায়ের তদন্তের দাবি জানিয়ে চিঠিতে লিখেছেন, রাগিংয়-নিয়ন্ত্রণের নির্দেশিকা মানা হচ্ছে না বলে অভিযোগ উঠেছে বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে। তা খতিয়ে দেখতে হবে। তাঁর দাবি, প্রয়োজনে সিবিআই তদন্ত করুক।শঙ্কুর দাবি, রাগিংয়ের বিষয়ে কোনও নজরদারি নেই। রাগিংয় রোধের নির্দেশিকা লঙ্ঘন করার অর্থ ইউজিসির নীতি ভঙ্গ করা। এমন ঘটনা যাতে আর না ঘটে তার জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণের আর্জি জানানো হয়েছে। ছাত্র মৃত্যুর ঘটনায় বিজেপির তরফে যাদবপুর থানা ঘেরাও কর্মসূচি নেওয়া হবে বলে জানিয়েছেন তিনি। শঙ্কুদেব বলেন, ওই ছাত্রের উপর মানসিক অত্যাচার করা হয়েছিল। পরিবারের তরফেও সন্দেহ প্রকাশ করা হয়েছে।নদীয়ার বগুলার বাসিন্দা স্বপ্নদীপ কুণ্ডুর বৃহস্পতিবার ভোরে মৃত্যু হয়েছে। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, ছাদ থেকে পড়ে গিয়েই ওই ছাত্রের মৃত্যু হয়েছে। পুলিশ এই বিষয়ে স্বপ্নদীপের হস্টেলের আবাসিকদের জিজ্ঞাসাবাদ করছে।

ভারতের চন্দ্রযান-৩ উচ্চাভিলাষী, লুনা-২৫-এর আগে পৌঁছবে চাঁদে মন্তব্য ইসরোর প্রাক্তন বিজ্ঞানীর

কলকাতা, ১১ আগস্ট ঃ ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)-র পাঠানো চন্দ্রযান-৩ চাঁদের কক্ষপথে ইতিমধ্যেই প্রবেশ করেছে, আর শুক্রবার ভোরে, রাশিয়াও চাঁদে নিজস্ব লুনা-২৫ মিশন চালু করেছে। অত্যন্ত শক্তিশালী রকেট উৎক্ষেপণ করেছে রাশিয়া, যা পৃথিবীর কক্ষপথে প্রদক্ষিণ না করে সরাসরি লুনা-২৫ কে চন্দ্রের কক্ষপথে পৌঁছে দেবে।চন্দ্রযান-৩ এবং রাশিয়ার লুনা-২৫ চাঁদের একই দক্ষিণ মেরুতে অবতরণ করতে হবে, যেখানে কয়েক মিলিয়ন বছর ধরে সূর্যের আলো পৌঁছায়নি। তবে উভয়ের মধ্যে অবতরণ দূরত্ব হবে প্রায় ১২০ কিলোমিটার। উভয়ই একই দিনে চাঁদের পৃষ্ঠে অবতরণ করবে বলে দাবি করা হচ্ছে। একদিকে, ভারতের চন্দ্রযান-৩ চাঁদে পৌঁছতে প্রায় ২৭ দিন সময় নিচ্ছে, অন্যদিকে লুনা-২৫ মাত্র ১০ থেকে ১১ দিনের মধ্যে চাঁদে অবতরণ করতে পারে। এমন পরিস্থিতিতে চন্দ্রযান-৩ ও লুনা-২৫ এর মধ্যে কোনটি চাঁদের দক্ষিণ মেরুতে প্রথম অবতরণ করবে তা নিয়ে.গোটা বিশ্বে আলোচনা শুরু হয়েছে। এটি চাঁদের এমন একটি অংশ, যেখানে আজ পর্যন্ত কোনও দেশের ল্যান্ডার পৌঁছায়নি। এই পরিস্থিতিতে, চন্দ্রযান-৩ এবং লুনা-২৫-এর অবতরণকে অবশ্যই একে অপরের প্রতিদ্বন্দ্বী হিসাবে দেখা হচ্ছে।ইসরোর প্রাক্তন বিজ্ঞানী তপন মিশ্র হিন্দুস্থান সমাচার-এর সঙ্গে একটি বিশেষ কথোপকথনে বলেছেন, রাশিয়ার চন্দ্রযান মিশনের সঙ্গে আমাদের চন্দ্রযান-৩-এর কোনও প্রতিযোগিতা নেই। এটাকে কোনওভাবেই প্রতিদ্বন্দ্বিতা হিসেবে দেখা উচিত নয়। যদিও রাশিয়া ৬০ এর দশক থেকে মহাকাশ মিশনে নেতৃত্ব দিচ্ছে, ভারত কেবল একজন শিক্ষানবিস। তবে, যদিও লুনা-২৫ একটি অত্যন্ত শক্তিশালী রকেট থেকে উৎক্ষেপণ করা হয়েছে এবং চন্দ্রযান-৩ এর আগেই এটি চাঁদে পৌঁছানোর দাবি করা হচ্ছে, বিজ্ঞানীরা বিশ্বাস করেন যে চন্দ্রযান-৩ লুনা-২৫-এর চেয়েও বেশি উচ্চাভিলাষী।চন্দ্রযান-৩ মিশনের অর্জন সম্পর্কে পয়েন্ট-বাই-পয়েন্ট, তপন মিশ্র বলেছেন, ভারতের উচ্চাভিলাষী মিশনে খরচ হয়েছে মাত্র ৬১৫ কোটি টাকা, যা দেশের অভ্যন্তরে একটি ছোট ফ্লাইওভার নির্মাণের খরচের সমতুল্য। এই রাশিতে চাঁদের সেই অংশে আমাদের মিশন বেরিয়েছে।

৬ মাত্রার ভূমিকম্পে কেঁপে উঠল জাপান, ক্ষয়ক্ষতির খবর নেই



টোকিও, ১১ আগস্ট ঃ শক্তিশালী ভূমিকম্পে কেঁপে উঠল জাপানের হোককাইদো। রিখটার স্কেলে কম্পনের মাত্রা ছিল ৬ । এমনটাই জানিয়েছে জার্মান ভূবিজ্ঞান গবেষণা সংস্থা (জিএফজেড)। তবে কোনও ধরনের সুনামি সর্তকতা জারি করা হয়নি।শুক্রবার সকালে হওয়া এই ভূমিকম্পটির উৎপত্তি স্থল ছিল ভূপৃষ্ঠের ৪৬ কিলোমিটার গভীরে। প্রাথমিক কোনও ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। এর আগে গত সপ্তাহে চিনের শেংডং প্রদেশে ৫.৫ মাত্রার একটি ভূমিকম্প আঘাত হানে। এতে অন্তত ২১ জন মানুষ আহত হয়েছিলেন। ওই প্রদেশের ১২৬টি বাড়ি ধসে পড়েছিল। ভূমিকম্পটির উপত্তিস্থল ভূপৃষ্ঠের মাত্র ১০ কিলোমিটার গভীরে ছিল।অন্যদিকে আবারও ভূমিকম্পে কেঁপে উঠল আন্দামান দ্বীপপুঞ্জ। শুক্রবার ভোররাত ২.৫৬ মিনিট নাগাদ ৪.৩ তীব্রতার ভূকম্পন অনুভূত হয় আন্দামান সাগরে। দিগলিপুর থেকে ২৮৯ কিলোমিটার দক্ষিণ এবং ক্যাম্পবেল বে থেকে ৪১৭ কিলোমিটার উত্তর ও উত্তর-পশ্চিমে ছিল ভূমিকম্পের উৎসস্থল। ন্যাশনাল সেন্টার ফর সিসমলোজি জানিয়েছে, শুক্রবার ভোররাত ২.৫৬ মিনিট নাগাদ ৪.৩ তীব্রতার ভূকম্পন অনুভূত হয় আন্দামান সাগরে। ভূমিকম্পের উৎসস্থল ছিল ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার গভীরতায়, ১০.৬৬ অক্ষাংশ এবং ৯৩.০৪ দ্রাঘিমাংশ। মাঝারি তীব্রতার ভূমিকম্পে ক্ষয়ক্ষতির কোনও ঘটনা ঘটেনি।

ময়নামতী-কোঠাবাড়ির পাহাড়ে-জঙ্গলে চলত শান্তিদের বন্দুক ছোঁড়ার অনুশীলন

কলকাতা, ১১ আগস্ট ঃ ইংরেজ জেলা ম্যাজিস্ট্রেট স্টিভেন্সের হত্যাকারী বিখ্যাত বিপ্লবী শান্তি ঘোষের (২২.১১.১৯১৬ - ২৭.৩.১৯৮৯) মূল নিবাস ছিল বরিশালের পিরোজপুরের রায়েরকাঠি গ্রামে। কলকাতায় জন্ম। লেখাপড়া কুমিল্লায়। জাতীয়তাবাদী আন্দোলনের সমর্থক পিতা দেবেন্দ্রনাথ ঘোষ ছিলেন কুমিল্লার ভিক্টোরিয়া কলেজের দর্শনের অধ্যাপক।সাইমন কমিশন-বিরোধী আন্দোলন (১৯২৮), আইন অমান্য আন্দোলন (১৯৩০) কুমিল্লা জনজীবনে সেদিন যে আলোড়ন তুলেছিল, তার অভিঘাত তাঁর কিশোরী মনেও এসে পড়েছিল। ১৯৩১ খ্রিস্টাব্দে কুমিল্লায় অনুষ্ঠিত ছাত্র কনফারেন্সের পর শান্তি ছাত্রসংঘ গড়ে তোলেন, আর সভাপনেত্রী ছিলেন প্রফুল্লনলিনী, সম্পাদিকা শান্তি এবং ক্যাপ্টেন সুনীতি।তখন ছেলে-মেয়েদের একসঙ্গে ঘোরাফেরা করা অভাবনীয় ছিল। তাই শহরের দশ মাইল দূরে ময়নামতী-কোঠাবাড়ির পাহাড়ে-জঙ্গলে বীরেন্দ্র ভট্টাচার্যের নেতৃত্বে তাঁদের বন্দুক ছোঁড়ার অনুশীলন শুরু হয়।কুমিল্লার জেলা ম্যাজিস্ট্রেট মি. স্টিভেন্সকে ১৯৩১ সালে ১৪ ডিসেম্বর হত্যার দায়ে বিচারে শান্তির দ্বীপান্তর দণ্ড হয়। তাঁরা হাসিমুখেই কারাবরণ করেন। হিজলি বন্দি নিবাসে কিছুদিন বন্দি ছিলেন। পরে সেই হত্যার ব্যাপারে দুটি রিভলভারসহ গোপাল দেব ধরা পড়েন। বিচারে গোপাল দেবের আন্দামানে দ্বীপান্তর দণ্ড হয়।১৯৩৯ খ্রিস্টাব্দে কারামুক্তির পর তিনি কলকাতার উইমেনস্ কলেজে ভরতি হন। কিছুকাল কমিউনিস্ট পার্টির কাছাকাছি এসেছিলেন। রাজাবাজারে একটি কারখানায় কিছুদিন সংগঠকের কাজ করেন। পরে কংগ্রেসে যোগ দেন। ১৯৪২ খ্রিস্টাব্দে অধ্যপক চিত্তরঞ্জন দাসের সঙ্গে তাঁর বিবাহ হয়।১৯৬২ - ৬৭ খ্রিস্টাব্দে বঙ্গীয় প্রাদেশিক বিধানসভার সদস্য এবং ১৯৫২-৬২ ও ১৯৬৭-৬৮ খ্রিস্টাব্দে রাজ্য বিধান পরিষদের সদস্য ছিলেন। রচিত গ্রন্থ 'বহ্নি'। ১৯৮৯-এর ২৭ মার্চ প্রয়াত হন শান্তি ঘোষ।

রোগীর হার্টে সুচারলেস পারসিভাল টিস্যু বাল্ব সফল প্রতিস্থাপন করলেন আগরতলায় জিবিপি হাসপাতালের চিকিৎসকরা

আগরতলা, ১১ আগস্ট ঃ স্বাস্থ্য পরিষেবায় নতুন দিশা দেখাচ্ছে উত্তর পূর্বাঞ্চলের ছোট রাজ্য ত্রিপুরা। সুচারলেস পারসিভাল টিস্যু বাল্ব সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে প্রথমবারের মতো প্রতিস্থাপিত হল আগরতলা সরকারি মেডিকেল কলেজ তথা জিবিপি হাসপাতালে। এর আগে কলকাতার বেসরকারি হাসপাতালে যেতে হত রাজ্যের তথা সমগ্র উত্তর পূর্বাঞ্চলের রোগীদের এই পরিষেবার জন্য। জানিয়েছেন জিবিপি হাসপাতালে সুপার ডাক্তার শংকর চক্রবর্তী।যে রোগীর হার্টে এই পার্সিবল টিস্যু বাল্ব প্রতিস্থাপন করা হয়েছে তার নাম সাবিত্রী সরকার (৬০)। তিনি সদর উত্তরাঞ্চলের সিধাই মোহনপুরের বাসিন্দা। দীর্ঘদিন ধরে তিনি হার্টের সমস্যায় ভুগছিলেন। বুকে ব্যথা হত ও তিনি হাপিয়ে উঠতেন। পেটে অলসারের কারণে মাঝে মাঝে রক্তের জন্য জিবিপি হাসপাতালে ভর্তি হতেন। হাসপাতালে পরীক্ষা নিরীক্ষায় চিকিৎসকেরা জানতে পারেন তার হৃদযন্ত্রের বাল্ব বিকল হয়ে গেছে। হাসপাতালের সিটিভিএস বিভাগে অতিসত্বর হৃদযন্ত্রের বাল্ব প্রতিস্থাপনের জন্য তার পরিবারের লোকেদের পরামর্শ দেওয়া হয়।কিন্তু সমস্যা হয়ে দাঁড়ায় এই প্রতিস্থাপনের জন্য যে ধরনের মেডিসিন গ্রহণ করতে হবে তাতে রোগীর পেট থেকে রক্তপাত ও ম্যারিনার সম্ভাবনা বেড়ে যাওয়ার ঝুঁকি প্রবল। অবশেষে চিকিৎসকেরা বিশেষ পদ্ধতিতে টিস্যু বাল্ব প্রতিস্থাপনের সিদ্ধান্ত নেন। এই বিশেষ পদ্ধতিতে রোগীকে এন্টি কোয়াগুলশন মেডিসিন খাওয়ার প্রয়োজন নেই। যার ফলে রক্তপাতের সম্ভাবনাও থাকবে না।সেই মোতাবেক গত চার আগস্ট ওপেন হার্ট সার্জারি মাধ্যমে এই বিশেষ পার্সিবল টিস্যু বাল্ব প্রতিস্থাপন করা হয় সফল ভাবে, জানান ডাক্তার কনক নারায়ন ভট্টাচার্য। উন্নত মানের এই টিস্যু বাল্ব সুচারলেস বা কোন সুতুর ব্যবহার ছাড়াই রোগীর হার্টের মহা ধমনীর উৎপত্তিস্থলে প্রতিস্থাপন করেন ডাক্তার কনক নারায়ন ভট্টাচার্য সহ একটি কার্ডিয়াক সার্জারি টিম। ছয় ঘন্টা ব্যাপী চলে এই অস্ত্রোপচার। যাতে সহায়তা করেন কার্ডিয়াক এনেস্থিসিয়া বিশেষজ্ঞ ডাক্তার মণিময় দেববর্মা, ডাক্তার জয়দেব দেবনাথ, ডাক্তার সুরজি পাল সহ টিমের অন্যান্য সদস্যরা।বর্তমানে রোগীর অবস্থা স্থিতিশীল রয়েছে এবং তিনি স্বাভাবিকভাবে শ্বাস-প্রশ্বাস নিচ্ছেন ও খাবার খাচ্ছেন। আয়ুস্মান ভারত প্রকল্পের আওতায় রোগী কল্যাণ সমিতির সহায়তায় সম্পূর্ণ বিনামূল্যে এই অস্ত্রোপচার করা হয়েছে বলে জানিয়েছেন হাসপাতালে মেডিকেল সুপার ডাক্তার শংকর চক্রবর্তী। আগরতলার জিবিপি হাসপাতালে সফল এই অস্ত্রোপচারের মধ্য দিয়ে চিকিসা পরিষেবার ক্ষেত্রে শুধু রাজ্যবাসীর জন্যই নয় বরং গোটা উত্তর পূর্বাঞ্চলের জনগণের জন্য নতুন দিগন্তের উন্মোচন হল বলা চলে।

স্বাধীনতা সংগ্রাম বিশেষঃবৃটিশদের বিরুদ্ধে সশস্ত্র বিপ্লবের অন্যতম কাণ্ডারি আশফাক উল্লাহ খান

কলকাতা, ১১আগস্ট ঃ অমর বিপ্লবী আশফাক উল্লাহ খান যখন দেশের স্বাধীনতার জন্য ব্রিটিশদের বিরুদ্ধে লড়াই চালাচ্ছিলেন তখন সশস্ত্র আন্দোলন চালাতে বিপুল পরিমাণ অর্থের প্রয়োজন ছিল। ১৯২৫ সালের ৯ আগস্ট বিখ্যাত কাকোরি ঘটনাটি ঘটিয়েছিলেন বিপ্লবী রাম প্রসাদ বিসমিল, রাজেন্দ্র লাহিড়ী, কেশব চক্রবর্তী সহ দশজন বিপ্লবী।এই সময় দশজন বিপ্লবী লখনউয়ের কাছে একটি স্টেশনে ব্রিটিশ রেলওয়েতে এমনভাবে হামলা চালিয়েছিল যে ব্রিটিশ প্রহরীরা ভয় পেয়ে যায়। ট্রেনে উপস্থিত দুই সশস্ত্র প্রহরী এতটাই ভয় পেয়ে যায় যে ট্রেনটি নিরাপদে পরবর্তী স্টেশনে না পৌঁছনো পর্যন্ত জানালা ও দরজা বন্ধ করে বসে থাকে। ১৪ জন ব্রিটিশ যাত্রীর কাছে বন্দুক ছিল কিন্তু বিপ্লবীরা বলেছিলেন যে যাত্রীদের কোন সমস্যা নেই। এরপর সব যাত্রী ভয়ে তার দিকে তাকিয়ে থাকে। ট্রেন ছিনতাই করার জন্য, পিস্তল ছাড়াও, তাদের কাছে ছিল চারটি জার্মান মাউজার, যা স্বয়ংক্রিয় রাইফেলের মতো দেখতে ছিল। মাত্র দশ মিনিটের মধ্যে বিপ্লবীরা পুরো ট্রেন লুট করে নেয়।এই ডাকাতি কতটা কার্যকর ছিল, তা একটি উদাহরণ দিলে বোঝা যায়। ব্রিটিশরা কাকোরি থানায় একটি এফআইআর নথিভুক্ত করেছিল, যার মূল কপিটি উর্দুতে লেখা ছিল। পরে তা হিন্দিতে অনুবাদ করা হয়। এতে লেখা ছিল, ব্রিটিশরা ২০ থেকে ২৫ জন পর্যন্ত আসামির সংখ্যা লিখেছিল। লুটের পরিমাণ ৪৬০১ টাকা ১৫ আনা এবং ছয় পাই হিসাবে লেখা ছিল।এই পরিমাণ লুটপাট দেখে ব্রিটিশ সরকার এতটাই বিচলিত হয়ে গিয়েছিল যে, বিপ্লবীদের ধরে শাস্তি দিতে দশ লক্ষ টাকা খরচ করেছিল। সেই সময়ের দশ লক্ষ টাকার মূল্য কোটি টাকার সমান।এই ডাকাতির সঙ্গে চন্দ্রশেখর আজাদ এবং রামপ্রসাদ বিসমিল ছাড়াও রাজেন্দ্র লাহিড়ী, মনমথনাথ গুপ্ত এবং অন্যান্য বিপ্লবীদের কথা অনেক আলোচিত হলেও কেশব চক্রবর্তী ইতিহাসে অজ্ঞাত রয়ে গেছেন। এই দলে আরও একজন বাঙালি বিপ্লবী ছিলেন যার নাম শচীন্দ্রনাথ বক্সী। কেশব মূলত কলকাতার বাসিন্দা এবং কলকাতা মেডিকেল কলেজে ছাত্রজীবন থেকেই স্বাধীনতা সংগ্রামে ঝাঁপিয়ে পড়েন। তিনি অনুশীলন সমিতির সদস্য হন। সেই সময় শ্যামসুন্দর চক্রবর্তী ছিলেন বাংলার একজন বড় বিপ্লবী, এবং কেশব চক্রবর্তী ছিলেন একজন বিশেষ বিপ্লবী । তিনি পরে হিন্দুস্তান রিপাবলিকান অ্যাসোসিয়েশনের (এইচআরএ) সদস্য হন এবং বিসমিল এবং আশফাক উল্লাহর সঙ্গে কাকোরি ঘটনাটি পরিচালনা করেন। ১৯২৫ সালের ৯ আগস্ট কাকোরি লুটের ঘটনার পর ব্রিটিশরা এই সমস্ত বিপ্লবীকে ১৯২৭ সালের ডিসেম্বরের ১৯ তারিখে ফৈজাবাদ জেলে ফাঁসি দিয়েছিল।ইতিহাসবিদ সুধীর বিদ্যার্থী এই কাকোরি ঘটনার বিপ্লবীদের অভিবাদন করতে গিয়ে, বিশেষ করে এতে আশফাক উল্লাহ খানের কথা উল্লেখ করে বলেছেন, সেই যুগটি মূলত আশফাক উল্লাহ খানের যুগ ছিল । আশফাক উল্লাহ ও তার যুগ নামে একটি বইও তিনি লিখেছেন।বেরেলি থেকে হিন্দুস্থান সমাচারের সঙ্গে ফোনে সুধীর বলেছিলেন, এই বিপ্লবটি মূলত চন্দ্রশেখর আজাদ এবং রামপ্রসাদ বিসমিলের সঙ্গে জড়িত ছিল। তবে যদি গভীর গবেষণা করা হয় তাহলে জানা যাবে, এই সময়টা আশফাক উল্লাহ খানের যুগ ছিল। রামপ্রসাদ বিসমিল নিজেই তার আত্মজীবনীতে অনেক চিঠি লিপিবদ্ধ করেছেন, যা তিনি আশফাক উল্লাহ খানকে লিখেছিলেন। এতে তিনি প্রিয় আশফাক উল্লাহকে লিখেছেন, আর্যসমাজ মন্দিরে আসা থেকে শুরু করে দেশের প্রতি ভক্তি নিয়ে যে কাব্যিক চিঠি লিখেছেন, তা সব সময়ই বিপ্লবীদের কাছে অনুপ্রেরণা হয়ে আছে।সুধীর বলেছেন, দেশের জন্য একজন মুসলমান এবং একজন হিন্দু বিপ্লবী একসঙ্গে ফাঁসির মঞ্চে আত্মবলীদান দেওয়ার এইরকম উদাহরণ আর নেই। সেখানে ধর্মের কোনও বাধা আসেনি, ধর্ম থেকে কোনও অনুপ্রেরণাও আসেনি। শুধু দেশ ও দেশের জন্য আত্মত্যাগের তাগিদ আশফাক উল্লাহ অনুভব করেছিলেন। অবশ্যই এটা হিন্দু-মুসলিম ঐক্যের বিষয় নয়, বিপ্লবী আদর্শের ঐক্যের বিষয় ছিল।সুধীর আরও বলেন, ইংরেজিতে একটা কথা আছে যে পরোপকার শুরু হয় বাড়িতে। অর্থা পরিবর্তন আপনার ঘর থেকেই শুরু হওয়া উচিত। স্বাধীনতা সংগ্রামে বা যেকোন বিপ্লবে বাহ্যিক পরিবর্তন নিয়ে অনেক কথা বলা হয়, কিন্তু আশফাক উল্লাহ খানই প্রথম বিপ্লবী যিনি তার মাকে অনেক চিঠি লিখেছেন, যেখানে তিনি দেশের স্বাধীনতার কথা বলেছেন। মাকে লেখা চিঠিতে পরিবারের স্বার্থের কথা নেই, ধর্মীয় কোনও বিষয়ও নেই। ভারতমাতাকে ব্রিটিশদের অত্যাচার থেকে মুক্ত করার জন্য যে বিষয়গুলি প্রয়োজনীয় সেগুলোই শুধুমাত্র উল্লেখ করা আছে । কেশব চক্রবর্তী থেকে শুরু করে অন্যান্য বিপ্লবীরা তাঁর দেশপ্রেমে ব্যাপকভাবে প্রভাবিত হয়েছিলেন। পরবর্তীকালে বিপ্লবী ভগ সিং এবং অন্যান্য বিপ্লবী যারা সাম্প্রদায়িকতার বাইরে সমাজতন্ত্র এবং সংহতির কথা বলেছিলেন তারা আশফাক উল্লাহ খানের দ্বারা অনুপ্রাণিত হয়েছিলেন।আশফাক উল্লাহ খানের ফাঁসি হয়েছিল মাত্র ২৫ বছর বয়সে। কেশব চক্রবর্তীর বয়সও প্রায় একই। এরপর সারা দেশে বিপ্লবের শিখা জ্বলে ওঠে। যারা দেশের জন্য প্রাণ দিয়েছিলেন তাদের উদ্দীপনা ও আবেগের সামনে ব্রিটিশ সরকার এতটাই বিপর্যস্ত হয়েছিল যে তাদের ভারত থেকে পালিয়ে যেতে হয়েছিল।

জন্মবার্ষিকীতে ভি ভি গিরিকে শ্রদ্ধা জালেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু

নয়াদিল্লি, ১১ আগস্ট ঃ ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি ভি ভি গিরিকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানালেন দেশের বর্তমান ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু । বৃহস্পতিবার রাষ্ট্রপতি ভবনে ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু প্রাক্তন রাষ্ট্রপতি ভি ভি গিরির প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ পুষ্পস্তবক অর্পণ করেন।এদিন রাষ্ট্রপতি ছাড়াও রাষ্ট্রপতি ভবনের আধিকারিক ও কর্মীরা ভি ভি গিরির প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন বলে জানা গিয়েছে। দেশের চতুর্থ রাষ্ট্রপতি ছিলেন ভি ভি গিরি। তিনি ১৮৯৪ সালের ১০ আগাস্ট ওড়িশার বেরহামপুর গ্রামে জন্মগ্রহণ করেন।

শনিবার মধ্যপ্রদেশে সফর প্রধানমন্ত্রীর, রেল ও সড়ক প্রকল্পের শিলান্যাস-সহ রয়েছে একগুচ্ছ কর্মসূচি

নয়াদিল্লি, ১১ আগস্ট ঃ শনিবার, ১২ আগস্ট মধ্যপ্রদেশ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। একদিনের এই সফরে মধ্যপ্রদেশে রেল ও সড়ক প্রকল্পের শিলান্যাস-সহ প্রধানমন্ত্রীর রয়েছে একগুচ্ছ কর্মসূচি। এছাড়াও বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পে দেশকে উসর্গ করবেন প্রধানমন্ত্রী।প্রধানমন্ত্রী মোদী এক হাজার ৫৮০ কোটি টাকারও বেশি ব্যয়ে দু''টি সড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এর মধ্যে রয়েছে মোরিকোরি - বিদিশা - হিনোটিয়াকে সংযুক্তকারী একটি চার-লেনের সড়ক প্রকল্প এবং একটি সড়ক প্রকল্প যা হিনোটিয়াকে মেহলুযার সাথে সংযুক্ত করবে।প্রধানমন্ত্রী সন্ত শিরোমণি গুরুদেব শ্রী রবিদাস জি স্মৃতি স্থলে ভূমিপূজা করবেন। স্মৃতিসৌধটি ১১.২৫ একরের বেশি জায়গায় এবং একশ কোটি টাকারও বেশি ব্যয়ে নির্মিত হবে।

৫০ বছর পর চাঁদে চলল রাশিয়া, ভারতের চন্দ্রযানের আগেই অবতরণ করবে লুনা-২৫

মস্কো, ১১ আগস্ট ঃ প্রায় ৫০ বছর পর চাঁদের উদ্দেশ্য পাড়ি দিল রাশিয়ার চন্দ্রযান ''লুনা ২৫''। শুক্রবার (স্থানীয় সময়) মস্কো থেকে কিছুটা দূরের এক জায়গা থেকে লুনা ২৫-র সফল উৎক্ষেপণ হয়েছে। যা নিয়ে রাশিয়ার মহাকাশ গবেষণা সংস্থাকে শুভেচ্ছা জানাল ইসরো। উৎক্ষেপণের দিন দশ-বারো মধ্যেই চাঁদে অবতরণ করার কথা ভ্লাদিমির পুতিনের দেশের চঃদ্রযানের। ইউক্রেন যুদ্ধের মাঝে কোণঠাসা রাশিয়া চাঁদের উদ্দেশ্যে পাড়ি দিয়ে দুনিয়ার কাছে বার্তা রাখল।চাঁদের দক্ষিণ মেরুতে জল, বরফের সন্ধান সহ নানা গবেষণার কাজে রবোটিক ল্যান্ডার পাঠালো পুতিনের দেশ। সব ঠিকঠাক থাকলে ভারতের চন্দ্রযানের দিন দুয়েক আগেই চাঁদে অবতরণ করবে রাশিয়ার লুনা-২৫। আগামী ১৬ আগস্ট চাঁদের কক্ষপথে প্রবেশ করছে রাশিয়ার চন্দ্রযান ''লুনা ২৫''। তারপর ২১ আগস্ট সেটি চাঁদে ল্যান্ড করার কথা। তবে এমনও মনে করা হচ্ছে, ভারতের চন্দ্রযান-৩-এর সঙ্গে ২৩ আগস্ট রাশিয়ার লুনা ২৫-এ চাঁদে অবতরণ করবে। তবে সবই নির্ভর করছে লুনা ২৫-র চাঁদের কক্ষপথে পৌঁছনোর পর তার টেকনিক্যাল বিষয়গুলির ওপর।

সতর্ক করা সত্ত্বেও শোনেনি! পঞ্জাব সীমান্তে বিএসএফ-এর গুলিতে নিহত পাক অনুপ্রবেশকারী

অমৃতসর, ১১ আগস্ট ঃ পঞ্জাবের তরন তারণ জেলায় ভারত-পাকিস্তান আন্তর্জাতিক সীমান্তে সীমান্ত রক্ষী বাহিনী (বিএসএফ)-র গুলিতে নিকেশ হয়েছে এক পাকিস্তানি দুস্কৃতীঅনুপ্রবেশকারী। শুক্রবার ভোরে ওই পাক অনুপ্রবেশকারী ভারতীয় ভূখণ্ডের দিকে এগিয়ে আসছিল, তাকে সতর্ক করেছিলেন বিএসএফ জওয়ানরা। সতর্ক করা সত্ত্বেও কোনও কথায় কর্ণপাত করেনি সে। ঝুঁকির আশঙ্কায় বিএসএফ জওয়ানরা গুলি চালান, তাতেই ওই পাক অনুপ্রবেশকারীর মৃত্যু হয়েছে।বিএসএফ পঞ্জাব ফ্রন্টিয়ারের পিআরও জানিয়েছেন, শুক্রবার, ১১ আগস্ট ভোরের দিকে, বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ)-এর জওয়ানরা তরন তারণ জেলার অন্তর্গত থেকালান গ্রামের সীমান্তবর্তী এলাকায় সীমান্ত কাঁটাতারের কাছে এক পাকিস্তানি দুর্বৃত্তঅনুপ্রবেশকারীর সন্দেহজনক গতিবিধি লক্ষ্য করেন। জওয়ানরা তাকে সতর্ক করেন, কিন্তু সে থেমে থাকেনি এবং এগিয়ে আসতে থাকে। আসন্ন ঝুঁকি অনুধাবন করে বিএসএফ জওয়ানরা আত্মরক্ষায় দুস্কৃতীকে লক্ষ্য করে উপর গুলি চালায় এবং ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

হর ঘর তিরঙ্গা বাইক র‍্যালির সূচনা, মেঘওয়াল বললেন এটা নাগরিকদের কর্তব্য

নয়াদিল্লি, ১১ আগস্ট ঃ'আজাদি-কা-অমৃত মহোসব' উদযাপনকে হর ঘর তিরঙ্গার সঙ্গে জাঁকজমকপূর্ণ করে তুলতে আরও একটি প্রয়াস হল কেন্দ্র। শুক্রবার সকালে দিল্লির প্রগতি ময়দান থেকে সংসদ সদস্যদের বাইক র‍্যালির সূচনা হয়েছেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়। বাইক র‍্যালি-তে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর, জি কিষান রেড্ডি, শোভা করন্দলাজে প্রমুখ। 'ভারত মাতা কি জয়' স্লোগানের সঙ্গে এগিয়ে যেতে থাকে হর ঘর তিরঙ্গা বাইক র‍্যালি।হর ঘর তিরঙ্গা বাইক র‍্যালি সম্পর্কে কেন্দ্রীয় মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বলেছেন, প্রত্যেক নাগরিকের উচিত ১৫ আগস্ট এবং ২৬ জানুয়ারি নিজেদের বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করা। এটা নাগরিকদের কর্তব্য। এই বছর ১৫ আগস্ট বিশেষ, কারণ 'আজাদি কা অমৃত মহোসব'-এর সমাপ্তি হচ্ছে। কেঃন্দ্রীয় মন্ত্রী জি কিষান রেড্ডি বলেছেন, আগামী ১৫ আগস্ট, দেশের নাগরিকদের নিজেদের বাড়িতে উত্তোলন করা উচিত। এটি 'আজাদি কা অমৃত মহোৎসব'-এর সমাপনী অনুষ্ঠান এবং প্রত্যেকেরই অংশ নেওয়া উচিত।

ধীরে ধীরে শান্তি ফিরছে হরিয়ানার নুহ-তে, দীর্ঘদিন পর খুলল স্কুল

নুহ, ১১ আগস্ট ঃ ধীরে ধীরে হলেও শান্তি ফিরছে হরিয়ানার নুহ জেলায়। দীর্ঘদিন পর শুক্রবার নুহ জেলায় খুলল স্কুল। একটি শোভাযাত্রাকে ঘিরে সাম্প্রদায়িক হিংসায় গত মাসে অশান্ত হয়ে উঠেছিল হরিয়ানার নুহ। অশান্তির আগুন গুরুগ্রাম-সহ অন্যত্র ছড়িয়ে পড়েছিল। গত ৩১ জুলাই থেকে স্কুল বন্ধ ছিল নুহ-তে, অবশেষে শুক্রবার স্কুল খুলেছে নুহ জেলায়।অভিভাবকদের সঙ্গে এদিন স্কুলে এসেছে পড়ুয়ারা। মডেল সংস্কৃতি স্কুলের প্রিন্সিপাল রবীন্দ্র জৈন বলেছেন, প্রাথমিকের কিছু পুয়া এদিন স্কুলে এসেছে, তবে বড় ক্লাসের পড়ুয়ারা স্কুলে আসেনি। ১৫ আগস্ট স্বাধীনতা সংগ্রামের কর্মসূচিতে অংশ নেওয়া পুয়ারা এসেছে। প্রশাসনের দ্বারা এটি একটি সদর্থক পদক্ষেপ।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,১২আগষ্টঃশুক্রবার, ২৫শ্রাবণ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১২আগষ্ট ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ২৬ শ্রাবণ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২৬ শ্রাবণ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ২৬ শ্রাবণমাস ১৯৪৪, মৈতৈঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৪.০২এডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯১শতকরা এবং ৭৩শতকরা। বৃষ্টি হয়েছে শুক্রবার । জোয়ার-সকাল ১১টা ২০ মিনিট এবং রাত৭টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৮টা ২০মিনিট। রাত-৭টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৯মনিটে এবং সূর্য অস্তযাবেঃ ৬ টা ২০ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃআজ স্বাস্থ্য সুন্দর থাকবে। আপনি যে অর্থ দীর্ঘকাল থেকে সঞ্চয় করেছিলেন তা আজ কাজে লাগতে পারে। শুভদিন।
বৃষভ রাশিঃসামাজিক জীবনের থেকে স্বাস্থ্যকে অগ্রাধিকার দেওয়া উচিত। আর্থিক ক্ষেত্রে উন্নতি আপনার পক্ষে দীর্ঘস্থায়ী হবে।
মিথুন রাশিঃশারীরিক সুস্থতা এবং ওজন কমানোর কর্মসূচী আপনাকে আরো ভালো আকারে আনতে সাহায্য করবে। শুভদিন
কর্কট রাশিঃস্বাস্থ্যের দিকে নজর দেওয়া প্রয়োজন। আপনি একটি উত্তেজনাপূর্ণ নতুন পরিস্থিতির সম্মুখীন হতে পারেন- যা আপনাকে আর্থিকভাবে লাভবান
সিংহ রাশিঃআপনার ব্যক্তিত্ব আজ একটি সুগন্ধি মত কাজ করবে। আজ অর্থ হ্রাস হওয়ার সম্ভাবনা রয়েছে, সুতরাং লেনদেন করার সময় বা কোনও দস্তাবেজ সই করার সময় আপনার সজাগ থাকা প্রয়োজন।
কন্যা রাশিঃএমন একটি দিন যেখানে বিশ্রাম গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়াবে-যেহেতু আপনি সাম্প্রতিককালে প্রচুর মানসিক চাপের মুখোমুখি হয়েছেন না।
তুলা রাশিঃআপনার স্বাস্থ্য এবং সৌন্দর্যের উন্নতি করতে যথেষ্ট সময় থাকবে। সংসারে শান্তি হবে
বৃশ্চিক রাশিঃআজ আপনার উচ্চ প্রত্যয় সদ্ব্যবহারে লাগানোর চেষ্টা করুন। এক ধকলসাধ্য দিন হওয়া সত্ত্বেও আপনি আপনার প্রাণশক্তি সঞ্চয় সমর্থ হবেন। শুভদিন।
ধনু রাশিঃআপনার সব সমস্যার জন্য সেরা প্রতিষেধক হল হাসি।
মকর রাশিঃঅবাঞ্ছিত চিন্তায় মন ভরাবেন না। বরং স্থির এবং দুশ্চিন্তামুক্ত থাকুন যাতে মানসিক
কুম্ভ রাশিঃআপনার মনকে ভালোবাসা, আশা, বিশ্বাস, সহানুভূতি, আশাবাদ এবং বিশ্বস্ততার মত ইতিবাচক নিরাপদ
মীন রাশিঃআপনার মন সাম্প্রতিক ঘটনার কারণে বিঘ্নিত হবে। মেডিটেশন এবং যোগব্যায়াম আধ্যাত্মিক ও সেইসঙ্গে শারীরিক লাভের জন্য উপকারী প্রমাণিত হতে পারে।

হাই লেভেল অ্যান্টি র‍্যাগিং কমিটি গড়ছে রাজভবন

মাথায় প্রাক্তন বিচারপতি

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্টঃ পিসরুম, অ্যান্টি কোরাপশন সেলের পর রাজভবনে এবার র‍্যাগিং সেল। রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তথা প্রাক্তন বিচারপতিকে মাথায় রেখে এই রাগিং সেল চালু করতে চলেছে রাজভবন। আজ এই বিষয় নিয়ে রাজ্যপাল বৈঠক করেছেন বলেও রাজভবন সূত্রে খবর। মূলত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের পড়ুয়াদের ভর্তির আগে র‍্যাগিং সেল কী করে কার্যকরী করা যায় তা নিয়ে মতামত চাইতেই এই সেল তৈরি করছে রাজভবন। এর জন্য মূলত রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কথা মাথায় রেখেই কয়েকজন সদস্যকে রাখা হচ্ছে এই সেলের জন্য। তাঁরাই পরামর্শ দেবেন রাজ্যপাল। বুধবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মেইন হস্টেলের তৃতীয় তলার বারান্দা থেকে পড়ে মৃত্যু হয় স্বপ্নদীপ কুণ্ডু নামে প্রথম বর্ষের এক ছাত্রের। কেউ বলছেন কার্নিশ থেকে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করেছে পড়ুয়া, কেউ বলছেন মাত্রাতিরিক্ত র‍্যাগিংয়ের ফলেই এই কাণ্ড ঘটিয়েছেন। তবে বুধবার রাতে এমন কিছু অস্বাভাবিক যে ঘটেছিল, তা একবাক্যে মেনে নিচ্ছেন সকলে। ঘটনার পরে রাজ্যপালকে নিশানা করেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। স্বপ্নদীপের মৃত্যু থেকেই কি রাজভবনে এই সেলের ভাবনা? প্রশ্ন উঠছে। অন্যদিকে যাদবপুরের ঘটনায় খুনের মামলা রুজু করে তদন্ত শুরু করল যাদবপুর থানার পুলিশ। খুন (৩০২) ও একত্রিত হয়ে ষড়যন্ত্রের মামলা (৩৪) রুজু করেছেন স্বপ্নদীপের বাবা রামপ্রসাদ কুন্ডু। তাঁর অভিযোগ, হস্টেলের আবাসিকদের একাংশ তাঁর ছেলের মৃত্যুর জন্য দায়ী। উল্লেখ্য, গতকাল রাতেই যাদবপুর থানার পুলিশ এবং লালবাজারের হোমিসাইড বিভাগের আধিকারিকরা স্বপ্নদ্বীপের বাড়িতে যান। স্বপ্নদীপের ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্টে জানা যাচ্ছে, নির্দিষ্ট উচ্চতা থেকে পড়ে যাওয়ার কারণেই মৃত্যু হয়েছে তাঁর। ময়নাতদন্তে মদ্যপানের কোনও প্রমাণ তাঁর শরীরে মেলেনি। মাথার বাঁ দিকের হাড়ে চিড় ছিল। বাঁ দিকের পাঁজরের হাড়ও ভেঙে যায়। ভেঙে গিয়েছিল কোমর। সেই কারণেই অভ্যন্তরীণ আঘাত গুরুতর হয়ে উঠেছিল বলে প্রাথমিক ময়না তদন্তের রিপোর্টে দাবি করা হয়।

স্বপ্নদীপের মৃত্যুতে ক্ষুব্ধ মমতা!

কুণাল বললেন, 'বরদাস্ত করা হবে না, শাস্তি হবে'

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্টঃ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া স্বপ্নদীপের মৃত্যুর ঘটনায় ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন এমনটাই জানালেন তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুণাল ঘোষ। তিনি বলেন, ''যাদবপুরে যে ঘটনা ঘটেছে, তাতে র‍্যাগিংয়ের অভিযোগ সামনে এসেছে। এটা অত্যন্ত দূর্ভাগ্যজনক ঘটনা। মুখ্যমন্ত্রী অত্যন্ত ক্ষুব্ধ। ওই জায়গায় কয়েকজন কি আচরণ করেছেন? কে কে ছিল? নতুন ছেলেদের কেন আতঙ্কে থাকতে হবে ওই সম্মানজনক প্রতিষ্ঠানে! অভিযুক্তদের চিহ্নিত করে উপযুক্ত শাস্তি দিতে হবে।'' কুণাল ঘোষ বলেন, ''হস্টেলের সকলে যেন সহযোগিতা করেন। তাঁদের বাড়ির লোকেরা যেন প্রভাবশালীদের ধরাধরি না করেন। এই সব বরদাস্ত করা হবে না। কেন পোশাক ছিল না? কেন সে ভয়ঙ্কর সংলাপ বলল? তদন্ত চাই। কারা এর পেছনে আছে। দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। নামীদামী লোকদের কাছে অনেকে যাচ্ছেন। কীভাবে মামলা করে ঠেকানো যায়। আইনজীবীর অভাব নেই বুদ্ধি দেওয়ার। কিন্তু বিরোধীদের অনুরোধ এটা করতে দেবেন না।'' ছাত্র মৃত্যু ঘিরে ইতিমধ্যেই নানা প্রশ্ন উঠতে শুরু করেছে। বাংলা বিভাগের প্রথম বর্ষের ছাত্র স্বপ্নদীপ কুণ্ডুর হস্টেলের তিনতলা থেকে পড়ে মৃত্যু নিয়ে যখন রাজ্যে তোলপাড় চলছে। সেইসময়ই মুখ্যমন্ত্রীর ফোন নিহত

ছাত্রের বাবা রামপ্রসাদ কুণ্ডুকে। সূত্রের খবর, বৃহস্পতিবারই স্বপ্নদীপের বাবাকে ফোন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নিরপেক্ষ তদন্তের আশ্বাস দিয়েছেন তিনি। নদিয়ার বগুলার ছেলে স্বপ্নদীপ কুণ্ডু। ছোট থেকেই পড়াশোনায় ভাল সে। তার মা জানান, ছেলের এখনও ১৮ বছর হয়নি। ছোট থেকেই পড়াশোনায় ভাল স্বপ্নদীপের স্বপ্ন ছিল যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করবে। সেই পড়তে আসা যে কাল হবে, এখনও বিশ্বাস করতে পারছে না পরিবার। স্বপ্নদীপের মৃত্যুর কারণ হিসাবে উঠে আসছে র‍্যাগিংতত্ত্ব। যাদবপুরের মেন হস্টেলে থাকতেন স্বপ্নদীপ। সেখানকার আবাসিকদের সঙ্গে কথা বলছে পুলিশ। সূত্রের খবর, ১০ জনকে তলবও করেছিল যাদবপুর থানা। তবে একজনও থানায় যাননি। এই ঘটনায় বেশ কয়েকজন ইঞ্জিনিয়ারিং পড়ুয়াও পুলিশের নজরে। স্বপ্নদীপের অস্বাভাবিক মৃত্যু মামলায় পরিবারের তরফে খুনের অভিযোগ দায়ের করা হয়েছে যাদবপুর থানায়। ছেলের মৃত্যুর যথাযথ বিচার চাই, স্পষ্ট জানিয়ে দিয়েছেন পুত্রশোকে দিশাহারা মা। ফুঁসছে নদিয়ার বগুলা, যেখানে জন্ম থেকে ১৭টা বছর কেটেছে স্বপ্নদীপের। মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে শিক্ষা দফতর ইতিমধ্যেই সিদ্ধান্ত নিয়েছে, বর্তমানে র‍্যাগিং সংক্রান্ত সুপ্রিম কোর্টের নির্দেশাবলী ও যতগুলি আইন ও নিয়মাবলী আছে তা নিয়ে রাজ্য সরকার একটি বিজ্ঞপ্তি জারি করবে। নিয়ম মেনে তৈরি হবে কমিটি। ইতিমধ্যেই যাদবপুরকাণ্ডে রাজ্য-রাজ্যপালের সংঘাত তুঙ্গে উঠেছে। বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার যাদবপুরের ঘটনায় যখন প্রশাসনিক ব্যর্থতা খুঁজেছেন, তখন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু পাল্টা দাবি করেছেন, যাদবপুর বিশ্ববিদ্যালয় এখন সরাসরি আচার্যর অধীনে রয়েছে। ফলে এ ঘটনা আসলে রাজ্যপালের ব্যর্থতা। এ নিয়ে ওমপ্রকাশকে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, ''আমি জানি না শিক্ষামন্ত্রী কী টুইট করেছেন। তবে যদি তিনি বলে থাকেন এটা সম্পূর্ণভাবে আচার্যের অধীনে, সেটা তো ঠিক। রাজ্যপাল কোনও দায়িত্ব পালন না করে আনলিমিটেড অথরিটি উপভোগ করেন। উনি কোনও দায়িত্ব নিতে রাজি নন।''

উদ্বেগে মন্ত্রী ফিরহাদ, বললেন, 'আমার মেয়েও হস্টেলে যাচ্ছে'

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্টঃ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ার রহস্যমৃত্যুর ঘটনায় তোলপাড় গোটা রাজ্য। হস্টেলের তিন তলা থেকে পড়ে মৃত্যু হয়েছে স্বপ্নদীপের। অভিযোগ উঠছে, হোস্টেলে র‍্যাগিং-এর শিকার হয়েছিল ওই পড়ুয়া। যাদবপুরের এই ঘটনাপ্রবাহ নিয়ে বেশ উদ্বিগ্ন রাজ্যের মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিমও। তিনি নিজেও তিন কন্যা সন্তানের বাবা। তাঁর ছোট মেয়েও আইন নিয়ে পড়াশোনা করছেন। পড়াশোনার জন্য আগামীতে হস্টেলে যেতে চলেছেন। এমন অবস্থায় যাদবপুরের এই ঘটনা ভীষণভাবে ভাবাচ্ছে ফিরহাদ হাকিমকে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া মৃত্যুর ঘটনায় উদ্বিগ্ন ফিরহাদ হাকিম বললেন, ''আমাকে ভাবাচ্ছে এই ঘটনা। কারণ, আমার মেয়েও হস্টেলে চলে যাচ্ছে। আমার মতে, ডিনদের আরও অনেক বেশি সতর্ক থাকা উচিত। কীভাবে পড়ুয়াদের মন বুঝে পঠন পাঠন করানো উচিত, তা নিয়ে ডিনদের প্রশিক্ষণ দেওয়া উচিত।'' যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনায় অন্যান্য বাবা-মায়ের সন্তানদের নিয়েও উদ্বেগ রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিমের। রাজ্যের মন্ত্রী হওয়ার পাশাপাশি ফিরহাদ একজন বাবাও। বাড়িতে তাঁর তিন মেয়ে রয়েছে। এমন অবস্থায় রাজ্যের বিভিন্ন ঘটনা নিয়ে অতীতেও উদ্বেগ প্রকাশ করতে দেখা গিয়েছে ফিরহাদকে। যেমন গত বছরে হাঁসখালির নাবালিকা নির্যাতনের অভিযোগ ঘিরে যখন উত্তাল হয়েছিল রাজ্য, তখনও মুখ খুলেছিলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী। বলেছিলেন, ''ঘটনা নিয়ে মুখ্যমন্ত্রী ভীষণ ব্যথিত এবং আমি নিজেও তিন কন্যা সন্তানের বাবা, আমিও ভীষণ ব্যথিত।'' আবার গরু পাচার মামলায় অনুব্রত মণ্ডলের মেয়ে সুকন্যা মণ্ডলের গ্রেফতারির পরেও মুখ খুলেছিলেন তিনি। বলেছিলেন, গ্রেফতারির পর সুকন্যার মনের মধ্যে দিয়ে কী চলছে, তা একজন বাবা হিসেবে অনুভব করতে পারছেন তিনি। আর এবার যাদবপুরের পড়ুয়া মৃত্যুর ঘটনা নিয়েও বেশ উদ্বিগ্ন ফিরহাদ।

অবশেষে মিলল স্বস্তি, নিয়োগপত্র পেল ২০০৯-এ চাকরিপ্রার্থীরা

দুরন্ত বার্তা, ডায়মন্ডহারবার, ১১ আগস্টঃ দীর্ঘ আইনি লড়াইয়ের পর অবশেষে মিলল স্বস্তি। ২০০৯ এর চাকরি পাচ্ছি না অবশেষে হাতে পেল নিয়োগপত্র। ২০০৯ এর প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরা নিয়োগের দাবিতে প্রাথমিক শিক্ষা পর্ষদের সামনে বিক্ষোভ আন্দোলন একাধিক কর্মসূচি নিয়েছিল। এমনকি নিয়োগের জন্য আদালতের দরজায় কড়া মেরেছে চাকরিপ্রার্থীরা। অবশেষে ১৪ বছর পর চাকরিপ্রার্থীদের হাতে মিলল নিয়োগপত্র। বৃহস্পতিবার ১৫০৬ জনের উত্তীর্ণ চাকরিপ্রার্থীদের নিয়োগপত্র তুলে দিল। দক্ষিণ ২৪ পরগনা প্রাথমিক সংসদে চেয়ারম্যান অজিত নায়েক পোস্ট অফিসের মাধ্যমে সকল উত্তীর্ণ চাকরিপ্রার্থীদের নিয়োগের জন্য চিঠি পাঠানোর প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু করে দিয়েছে। আর এই প্রক্রিয়া শুরু হতেই কার্যত আনন্দে মেতে উঠেছে ২০০৯ চাকরি প্রার্থীরা। ২০০৯ চাকরি প্রার্থীদের দাবি দীর্ঘ আইনি লড়াইয়ের পর অবশেষে মেধা জয় হলো। দক্ষিণ ২৪ পরগনা প্রাথমিক সংসদের চেয়ারম্যানকে অসংখ্য ধন্যবাদ। এ বিষয়ে দক্ষিণ চব্বিশ পরগনার প্রাথমিক সংসদের চেয়ারম্যান অজিত নায়েক বলেন, ''কিছু আইনি জটিলতার কারণে নিয়োগের প্রক্রিয়া থমকে গিয়েছে। আইনি জোট কেটে যাওয়ার পর ২০০৯ উত্তীর্ণ চাকরিপ্রার্থীদের নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে অবিলম্বে তাদেরকে নিয়োগ করা হবে।

পুণ্যার্থী সেজে ডানকুনির ট্যাক্সি স্ট্যান্ড থেকে ছিনতাই চার দুষ্কৃতীর

দুরন্ত বার্তা, ডানকুনি, ১১ আগস্টঃ পুণ্যার্থী সেজে গেরুয়া বস্ত্র পড়ে যাত্রী সেজে ডানকুনির ট্যাক্সি স্ট্যান্ড থেকে ট্যাক্সি ছিনতাই করে চার দুষ্কৃতী। ৯ই আগস্ট রাত্রিবেলা জল যাত্রী সেজে ট্যাক্সি স্ট্যান্ডে আসে চারজন। সেইখান থেকে ট্যাক্সি ধরে তারা পাড়ি দেয় হাওড়ার নিশ্চিদায়, তারপর সেখান থেকে আবার গাড়ি ঘুরিয়ে কানাইপুরের এক নিস্তব্ধ এলাকায় এসে। ট্যাক্সি ড্রাইভারকে হাত পা বেঁধে ফেলে দিয়ে। ড্রাইভার এর ফোন মানিব্যাগ সহ টাক্সি নিয়ে চম্পট দেয় চারজন দুষ্কৃতী। তারপর ট্যাক্সিটিকে গ্যারেজে ঢুকিয়ে। ট্রেন ধরে মুর্শিদাবাদে উদ্দেশ্যে রওনা দেয় চারজন। ১০ই আগস্ট সকালবেলা ডানকুনি থানায় এফ আই আর দায়ের হয়, গোপন সূত্রে খবর পেয়ে এবং সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে। ডানকুনি থানার আইসি তাপস সিনহার নেতৃত্বে ডানকুনি থানার পুলিশ সম্রাট সরকার রোহিত সিং আকাশ চৌধুরী এই চারজন দুস্কৃতিকে গ্রেফতার করে। তারা নিশ্চিন্দা থানা এলাকার স্থানীয় বাসিন্দা । আজ ডানকুনি থানায় চন্দননগর পুলিশ কমিশনারেট ডিসিপি আইপিএস অরবিন্দু কুমার আনন্দ, আজ তাদের শ্রীরামপুর আদালতে তোলা হয়, কিছুদিন আগেই আন্তর্জাতিক প্রতারণা চক্রের অপরাধীদের গ্রেপ্তার করেছিল ডানকুনি থানা। তারপর আবার তাদের সাফল্য। চারজন দুস্কৃতিকে সাত দিনের জন্য রিমান্ডে নেওয়া হবে বলে জানালেন। এবং এর পিছনে আর কারা কারা জড়িত আছে , পুরো বিষয়টিকেই খতিয়ে দেখবে চন্দননগর পুলিশ কমিশনারেটের আধিকারিকরা।

মণিপুর ইস্যুতে একজোট শহরের মহিলা পরিচালিত পুজো কমিটিগুলি, চন্দ্রিমার নেতৃত্বে চিঠি দিচ্ছে রাষ্ট্রপতিকে

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্টঃ মণিপুরে দুই মহিলাকে হেনস্থার ঘটনা নিয়ে এবার রাষ্ট্রপতির দ্বারস্থ হচ্ছে দুর্গাপুজো কমিটি। রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে মহিলা পরিচালিত দুর্গাপুজো কমিটি গুলি। তাদের যৌথমঞ্চ 'বাংলার দুর্গা' এই স্মারকলিপি পাঠাচ্ছে। আর এর নেতৃত্বে রয়েছেন চন্দ্রিমা ভট্টাচার্য। সূত্রের খবর, রাজ্যের মহিলা পরিচালিত পুজো কমিটিগুলির নেপথ্যে এই কর্মসূচি আসলে তৃণমূল মহিলা কংগ্রেসের। কেন না, 'বাংলার দুর্গা'র সঙ্গে যুক্ত বেশির ভাগ সদস্যই তৃণমূল মহিলা কংগ্রেসেরও সক্রিয় সদস্য। কেউ শাসকদলকে। বছরভরই রাস্তায় থাকে তৃণমূল মহিলা সেল বা তার সঙ্গে যুক্ত মহিলারা। ২০২১ সালের বিধানসভা নির্বাচনেও মহিলা ভোট ব্যাঙ্ক ছিল তৃণমূলের অন্যতম হাতিয়ার। মহিলাদের সামনে রেখে নানা প্রকল্পও চালু করেছে বাংলার সরকার। এবার মণিপুরে দুই মহিলাকে নির্যাতনের ইস্যুকে সামনে রেখে বিজেপিকে কোণঠাসা করার সমীকরণ নিয়েছে তারা। যদিও বিজেপির দাবি, প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রীও মণিপুরের ঘটনার নিন্দা করেছেন। এরপরও যদিও কোনও রাজনৈতিক দল সুর চড়ায়, তা তাদের রাজনৈতিক অভিসন্ধি

কেউ নেতৃত্বও বটে। শনিবার গড়িয়াহাটে বাংলার দুর্গার প্রায় ৩ হাজার সদস্য জড়ো হচ্ছেন। সাড়ে ৩০০ মহিলা পরিচালিত পুজো কমিটির এই সদস্যরা মণিপুর নিয়ে সুর চড়াতে চলেছেন। তাঁরা তাঁদের দাবিপত্রে সই করবেন। সেই সইসম্বলিত কাগজই যাবে রাষ্ট্রপতির কাছে। মণিপুর ইস্যুতে প্রথম থেকেই সরব তৃণমূল। শুধু মণিপুর নয়, এর আগেও একাধিক ইস্যুতে ময়দানে নামতে দেখা গিয়েছে এ রাজ্যের চরিতার্থের পথ বলেই ধরে নিতে হবে। এ প্রসঙ্গে বিজেপি নেতা শমীক ভট্টাচার্য বলেন, ''প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন মণিপুরে যা ঘটেছে তা দেশের লজ্জা। গোটা দেশ তাঁদের সঙ্গে আছে। আমার মনে হয় এটা নিয়ে সস্তার রাজনীতি করার প্রয়োজন নেই। পশ্চিমবঙ্গে মহিলা পরিচালিত দুর্গাপুজো কমিটিগুলিতে যাঁরা আছেন, তাঁদের বলব, বাংলায় যাঁরা অত্যাচারিত হচ্ছেন তাঁদের কথাও একটু অনুগ্রহ করে ভাবুন।''

বুদ্ধদেবের সুস্থতা কামনা করে লাল গোলাপ পাঠালেন কুণাল ঘোষ

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্টঃ প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য যখন হাসপাতালে ভর্তি ছিলেন সেই সময় তার মন্তব্যকে ঘিরে বিতর্ক তৈরি হয়েছে। ১১ দিন হাসপাতালে থাকার পর বুদ্ধদেব ভট্টাচার্য বাড়ি ফিরতেই সেই তৃণমূল নেতা কুণাল ঘোষ তাঁকে লাল গোলাপের তোড়া পাঠালেন। সেই শুভেচ্ছা উপহার গ্রহণ করেছে বুদ্ধজায়া মীরা ভট্টাচার্য। সূত্রের খবর, বুদ্ধবাবুর পাম এভিনিউয়ের বাড়িতে কুণালের দূত নিয়ে যান লাল গোলাপের তোড়া, মোহন সিংয়ের গাওয়া রবীন্দ্র সঙ্গীতের সিডি এবং তৃণমূল নেতার নিজের লেখা দুটি বই। সংবাদ প্রতিদিনের প্রতিবেদন অনুযায়ী, কুণাল বার্তাবাহককে নির্দেশ দেন প্রাক্তন মুখ্যমন্ত্রীর বাড়ির নিরাপত্তা কর্মীর মাধ্যমে তিনি যে উপহার মীরা ভট্টাচার্যের হাতে পৌঁছে দেন। নিরপত্তার দায়িত্বে থাকা পুলিশকর্মী মারফত এই উপহারের কথা জানতে পেরে বুদ্ধজায়া বার্তাবাহককে ডেকে পাঠান। তাঁর কাছে জানতে চান বুদ্ধবাবুর সঙ্গে তিনি দেখা করতে চান কিনা। উত্তরে বার্তাবাহক বলেন, তিনি বাইরের কাপড় পরে আছেন তাই দেখা করা উচিত হবে না। মীরা ভট্টাচার্য কুণালকে ধন্যবাদ জানাতে বলেন। প্রসঙ্গত বুদ্ধবাবু যখন হাসপাতালে ছিলেন, তখন কুণাল তাঁর আরোগ্য কামনা করেও তাঁকে ঘিরে 'আদিখ্যেতা' করে 'মহাপুরুষ' না বানানোর অনুরোধ করেন। এই পোস্টে বিরুদ্ধে সমালোচনায় সরব হয় বিরোধীরা।

স্বপ্নদীপের মৃত্যুর ঘটনায় চাঞ্চল্যকর মোড়! আটক যাদবপুরের প্রাক্তনী সৌরভ চৌধুরী

দুরন্ত বার্তা, কলকাতা, ১১ আগস্টঃ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্র স্বপ্নদীপ কুণ্ডুর মৃত্যুর ঘটনায় নয়া মোড়। আটক বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র সৌরভ। এমএসসি স্নাতোকত্তরের ছাত্র ছিলেন তিনি। স্বপ্নদীপের পরিবারের দায়ের করা অভিযোগে সৌরভের নাম ছিল। এই মুহূর্তে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে সৌরভকে। জানা গিয়েছে, ২০২২ সালে বিশ্ববিদ্যালয় থেকে পাশ করেন সৌরভ। তাঁর সঙ্গেই মনতোষ নামে আরও একজনকে জিজ্ঞাসাবাদ করছে যাদবপুর থানার পুলিশ। হোস্টেলে জায়গা না পেলে অনেক সময়ে ছাত্রদের গেস্ট হিসাবে সেখানে রাখা হয়। অভিযোগ, স্বপ্নদীপকে বিবস্ত্র করে হাঁটানো হয়। জানা যায়, বুধবার রাতে মাকে ফোন করে নিজের অসহায়তার কথা জানান স্বপ্নদীপ। মাকে বলেছিলেন, 'খুব ভয় করছে'। মাকে খুব তাড়াতাড়ি তাঁর কাছে যেতে বলেছিলেন। পরের দিন বাবার সঙ্গে বাড়ি ফেরার কথাও জানিয়েছিলেন। কিন্তু তাঁর আগেই সব শেষ। ছেলে এত বড় পদক্ষেপ করতে পারে, তা যদিও বিশ্বাস করেন না স্বপ্নদীপের মা। তাঁর দাবি, ছেলের কথায় এমন কোনও কিছুর আভাস পাননি তিনি। তবে ছেলের কাঁপা গলায় প্রচণ্ড ভয় আর আতঙ্কে ছিল বলে দাবি তাঁর।

J R D FINANCE LIMITED

Regd. Off.: 1/1A, BIPLABI ANUKUL CHANDRA STREET 5TH FLOOR, ROOM NO. 5G KOLKATA - 700072

Email : fin.jrd@gmail.com , **Website :** www.jrdfinance.com

CIN - L65999WB1993PLC058107

EXTRACT OF STANDALONE UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30TH JUNE, 2023 (₹. in Lacs)

Sl. no.	Particulars	Quarter Ended 30.06.2023 (Unaudited)	Quarter Ended 31.03.2023 (Audited)	Quarter Ended 30.06.2022 (Unaudited)	Year Ended 31.03.2023 (Audited)
1	Total Income from operations	74.73	84.34	67.14	310.31
2	Net Profit / (Loss) for the period (before tax, exceptional and /or extraordinary items)	3.46	(0.34)	2.66	7.77
3	Net Profit / (Loss) for the period before tax(after exceptional and /or extraordinary items)	3.46	(0.34)	2.66	7.77
4	Net Profit / (Loss) for the period after tax (after exceptional and/or extraordinary items)	2.60	(3.06)	2.06	3.74
5	Total Comprehensive Income for the period [comprising profit/(loss) for the period (after tax) and other comprehensive income (after tax)]	2.60	(3.06)	2.06	3.74
6	Equity Share Capital	272.03	272.03	272.03	272.03
7	Other Equity	-	-	-	165.06
8.	Earning Per Share (of Rs.10/-each) (for continuning and discontinuing operations) : Basic : (₹) Diluted (₹)	0.10 0.10	(0.11) (0.11)	0.08 0.08	0.14 0.14

Notes:

1. The above financial results have been prepared in accordance with Indian Accounting Standard (IND AS) prescribed under section 133 of the Companies Act , 2013 and Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 read with SEBI circular dated July 5, 2016, have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their respective meeting held on August, 11, 2023. It has been subjected to limilted review by the statutory auditors of the company.
2. The Company is primarily engaged in NBFC activities.In terms of Ind AS 108 - 'Operating Segments', the company has one business segment i.e. Financing Activities and related products and all other activities revolve around the said business..
3. The figures of the quarter ended March 31, 2023 are the balancing figures between audited figures in respect of the financial year 2022-23 and the published year to date figures upto December 31, 2022.
4. The full format of thess financial results are available on the website of the Stock Exchange at www.msei.in and the Company's website at www.jrdfinance.com
5. Previous periods' figures have been regrouped/rearranged wherever necessary.

For J R D Finance Limited
Sd/-
Himangshu Mondal
Director
(DIN - 06984911)

Place : Kolkata
Date : 11.08.2023

KOLKATA MUNICIPAL CORPORATION – e-TENDER

ABRIDGED NIT

The **E.E. (C), Br.-I, KMC** invites tender online percentage rate two bid system for following work : **NIT No.: KMC/EEC/I/003/13/2023-2024** Name of Work: **Development of underground drainage system at 63, Belgachia Road in Ward No.-03.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **4,99,048.00**. Earnest Money: ₹ **10,000.00**. Period of Completion: **30 Days**. Last Date and Time of submission of Bid: **21.08.2023 (Upto 11 a.m.)**. Tender will be opened on: **23.08.2023 (11 a.m.)**. The bid forms and other details are available on and from **11.08.2023 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in**

The **E.E. (C), Br.-III, KMC** invites tender online percentage rate two bid system for following works : **(1) NIT No.: KMC/EE-III/014/12/23-24** Name of Work: **Repairing of Paver Block Footpath and resetting of Kerb Channel from 14/3 C.E. Road to 23 C.E. Road, 123 Ultadanga Main Road and its surrounding areas in Ward No.-14.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **4,23,606.68**. Earnest Money: ₹ **8,500.00**. Period of Completion: **63 Days**. **(2) NIT No.: KMC/EE-III/35/17/23-24 (1st Call)** Name of Work: **Restoration of Footpath and passages disturbed due to C.E.S.C. and Water Supply Department at 1/14/2 Rakhal Ghosh Lane, R. R. L. Mitra Lane, P-284 C.I.T. Road and different places in Ward No.-35.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **4,77,828.00**. Earnest Money: ₹ **10,000.00**. Period of Completion: **40 Days**. **(3) NIT No.: KMC/EE-III/29/07/23-24 (1st Call)** Name of Work: **Renovation of Tap Water Platform at 3/45, 15/11/1A Narkeldanga North Road, 2/13, P35 Narkeldanga Main Road, 242/2, 237/K Maniktala Main Road and different location in Ward No.-29.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **2,84,653.00**. Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **30 Days**. Last Date and Time of submission of Bid: **24.08.2023 before 12 Noon** (For Sl. No. **1** to 3). Date and Time of opening of Bid: **26.08.2023 after 12 Noon** (For Sl. No. 1 to 3). The bid forms and other details are available on and from **14.08.2023 (5 p.m.)** (For Sl. No. 1) & **16.08.2023 (5 p.m.)** (For Sl. No. 2 & 3) from the website **https://etender.wb.nic.in** (For Sl. No. 1 to 3).

The **E.E. (C), Br.-V, KMC** invites tender online percentage rate two bid system for following works : **(1) NIT No.: KMC/EE(C)/Br-V/048/10/2023-2024** Name of Work: **Repairing and restoration of I.P.S. passage at 98A P.C. Boral Street, 205 B. B. Ganguly Street, 16 Baburam Sil Lane and other different places in Ward No.-48.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **2,89,054.15**. Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **45 Days**. **(2) NIT No.: KMC/EE(C)/Br-V/049/06/2023-2024** Name of Work: **Maintenance of sewer adjuncts along with allied civil works at 1 B.K. Road, 34 Rajani Gupta Row etc. in Ward No.-49, Br.-V.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **2,93,640.86**. Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **45 Days**. **(3) NIT No.: KMC/EE(C)/Br-V/048/18/2023-2024** Name of Work: **Repairing of sewerage system and allied civil works at Surendra Lal Pyne Lane, Sri Gopal Mallick Lane etc. in Ward No.-48.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **2,99,395.90**. Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **75 Days**. **(4) NIT No.: KMC/EE(C)/Br-V/048/17/2023-2024** Name of Work: **Maintenance of Bathing Platform at different places in Ward No.-48.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **2,49,555.13**. Earnest Money: ₹ **5,000.00**. Period of Completion: **90 Days**. Last Date and Time of submission of Bid: **23.08.2023 – 11 a.m.** (For Sl. No. 1 to 4). Date and Time of opening of Tender: **25.08.2023 –11 a.m.** (For Sl. No. 1 to 4). The bid forms and other details are available on and from **12.08.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in** (For Sl. No. 1 to 4).

The **E.E. (C), Br.-XIII, KMC** invites tender online percentage rate two bid system for the following works: **(1) NIT No.: KMC/XIII/116/016/23-24/C (1st Call)** Name of Work: **Conversion of gifted strip of land to KMC into Blacktop Road with Hot-Mix works at 88A B.L. Saha Road in Ward No.-116.** Work Value: ₹ **4,93,869.02**. Earnest Money: ₹ **9,900.00**. Period of Completion: **30 Days**. **(2) NIT No.: KMC/XIII/117/008/23-24 (1st Call)** Name of Work: **Operation and regular maintenance of Hindustan Park, Motilal Kewat Park and Vivekananda Sishu Udyan Park in Ward No.-117, Br.-XIII.** Work Value: ₹ **4,61,663.82**. Earnest Money: ₹ **9,300.00**. Period of Completion: **180 Days**. **(3) NIT No.: KMC/XIII/120/013/23-24 (1st Call)** Name of Work: **Maintenance of Amra Kajan Park at Bama Charan Roy Road Bye Lane in Ward No.-120, Br.-XIII.** Work Value: ₹ **2,86,093.28**. Earnest Money: ₹ **5,800.00**. Period of Completion: **30 Days**. **(4) NIT No.: KMC/XIII/118/014/23-24/C (1st Call)** Name of Work: **Development of road by laying of Hot-Mix works at Bye Lane of R. B. Road near Premises No.-127 in Ward No.-118.** Work Value: ₹ **3,64,593.28**. Earnest Money: ₹ **7,300.00**. Period of Completion: **35 Days**. **(5) NIT No.: KMC/XIII/117/007/23-24 (1st Call)** Name of Work: **Beautification by Creating Greenery at Hogla Para in Ward No.-117, Br.-XIII.** Work Value: ₹ **2,94,032.61**. Earnest Money: ₹ **5,900.00**. Period of Completion: **30 Days**. **6) NIT No.: KMC/XIII/116/006/23-24/C (2nd Call)** Name of Work: **Maintenance of Road by laying of Hot-Mix works at Bye Lane of R. B. Road near Premises No.-188/30, 12A etc. in Ward No.-116.** Work Value: ₹ **3,78,597.65**. Earnest Money: ₹ **7,600.00**. Period of Completion: **30 Days**. **(7) NIT No.: KMC/XIII/116/009/23-24/PARK (1st Call)** Name of Work: **Maintenance of KMC Behala Natun Park with various civil works at B.C. Roy Road in Ward No.-116.** Work Value: ₹ **2,82,551.05**. Earnest Money: ₹ **5,700.00**. Period of Completion: **35 Days**. Last Date of submission of Bid: **26.08.2023 (Upto 11 a.m.)** (For Sl. No 1 to 7). Tender will be opened on: **28.08.2023 (11 a.m.)** (For Sl. No 1 to 7). The bid forms and other details are available on and from **16.08.2023 (From 5 p.m.)** from the website **https:// etender.wb.nic.in** (For Sl. No 1 to 7).

The **E.E. (C), Br.-XV, KMC** invites tender online percentage rate two bid system for the following works: **(1) NIT No.: KMC/EE(C)/Br-XV/137/017/2023-2024/R** Name of Work: **Development of drainage system with allied works at Tel Mill Gali, N/H/No. S-76, S-79 etc. in Ward No.-137, Br.-XV.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **3,51,866.96**. Earnest Money: ₹ **7,100.00**. Period of Completion: **120 Days**. **(2) NIT No.: KMC/EE(C)/Br-XV/137/019/2023-2024/R** Name of Work: **Painting & Repairing miscellaneous civil work of Haji Raisuddin KMCP School at R-22 Masjid Talab Lane, Kolkata-24 in Ward No.-137, Br.-XV.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **4,54,304.10**. Earnest Money: ₹ **9,100.00**. Period of Completion: **90 Days**. **(3) NIT No.: KMC/EE(C)/Br-XV/133/025/2023-2024/R** Name of Work: **Restoration of C.C. passage and Paver Block passage with allied works at Sardar Para, Akshay Kanan Lane etc. near Premises No.-J94/2, J363, J342 etc. in Ward No.-133, Br.-XV.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **2,94,993.01**. Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **90 Days**. Last Date and Time of submission of Bid: **26.08.2023 – 11 a.m.** (For Sl. No. 1 to 3). Date and Time of opening of tender: **28.08.2023 – 11 a.m.** (For Sl. No. 1 to 3). The bid forms and other details are available on and from **16.08.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in** (For Sl. No. 1 to 3).

The **D.G. (Civil), KMC** invites tender online percentage rate two bid system for following works: **(1) NIT No.: KMC/EE(C)/Br-XI/112/010/23-24/R** Name of the Work: **Maintenance of C.C. Road from 1 Prantik Park to 77 Suvash Sarani & adjacent areas in Ward No.-112.** Estimated Amount (Including GST & CESS): ₹ **1,54,551.77**. Earnest Money: ₹ **3,100.00.** Period of Completion: **60 days**. Last Date and Time of submission of Bid: **23.08.2023 – 12 Noon.** The Tender will be opened on: **25.08.2023.** **(2) NIT No.: KMC/EE(C)/Br-XI/113/027/2023-2024/R** Name of the Work: **Improvement of C.C. Road at A/5 Satyajit Park in Ward No.-113.** Estimated Amount: ₹ **2,13,581.17**. Earnest Money: ₹ **4,300.00.** Period of Completion: **21 days.** **(3) NIT No.: KMC/EE(C)/Br-XI/113/028/23-24/R** Name of the Work: **Improvement of sewer at Pir Pukur Road from H/o Sukla Das to H/o Mohon Singh Road in Ward No.-113.** Estimated Amount: ₹ **2,27,675.65**. Earnest Money: ₹ **4,600.00.** Period of Completion: **30 days.** Last Date and Time of submission of Bid: **28.08.2023 – 12 Noon** (For Sl. No. 2 & 3). The Tender will be opened on: **31.08.2023** (For Sl. No. 2 & 3). The bid forms and other details are available on and from **16.08.2023 (5 p.m.)** (For Sl. No. 1) & **19.08.2023 (5 p.m.)** (For Sl. No. 2) from the website **https:// etender.wb.nic.in** (For Sl. No. 1 to 3). **(572/23-24)**

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৮ বর্ষ, দৈনিক ২৫৩ সংখ্যা, শনিবার, ২৬ শ্রাবণ ১৪৩০

ভাষণ দেওয়াটাও একটা বড় শিল্প!

সম্পাদকীয় ১

ভাষণ দেওয়াটা শিল্প তা প্রমাণ করে দিলেন প্রধানমন্ত্রী মোদি। কীভাবে ভাষণ দিতে হবে, কখন কোথায় কতখানি আক্রমণ করতে হবে এটা শেখার প্রয়োজন রয়েছে। কোনও রকমভাবে ব্যক্তিগত আক্রমণ না করে শুধু মাত্র উদাহরণ তুলে ধরে যেভাবে একের পর এক তথ্য দিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি অনাস্থা প্রস্তাবের জবাবী ভাষণ দিলেন তাতে মনে হল ভারতে এই মুহূর্তে শক্তিশালী রাজনৈতিক বক্তা যদি থেকে থাকেন তাহলে এককথায় স্বীকার করতে হবে নরেন্দ্র দামোদর মোদিকে। নরেন্দ্র মোদি মেপে কথা বলেন। প্রতিটি কথার মধ্যে তথ্য দিয়ে ঘটনা উল্লেখ করেন। নিছক কাউকে দোষরোপ করার চেয়ে তাতে উদাহরণ দিতে তত্ত্ব দিয়ে দোষ দেওয়া থেকে শুরু করে প্রতিটি কথার মধ্যে শক্তিভাব লুকিয়ে রয়েছে যা কোনও বিরোধী দলের নেতার মধ্যে এই মুহূর্তে নেই। বিরোধী দলের নেতারা বলতে গেলে এখন মোদির কাছে পরাস্ত হচ্ছে তার কারণ মোদি রাজনৈতিক কৌশলটা জানেন। তিনি জানেন কীভাবে বিরোধী দলকে নিয়ন্ত্রণ করতে হবে। গুজরাতে মুখ্যমন্ত্রী থাকার সময়ে কেন্দ্রে তখন কংগ্রেস শাসন। সেই সময়ে গুজরাতে কংগ্রেসী নেতারা মোদির ওপরে কোনও কথা বলতে পারতেন না। গুজরাতের ব্যাপারে মোদি যা সিদ্ধান্ত গ্রহণ করতেন গুজরাত কংগ্রেস নেতারা তা গ্রহণ করে নিতেন। তাঁরা কোনও সময়ে মোদির বিরোধিতা করেননি। আর আজকে দেশের প্রধানমন্ত্রী মোদি ঠিক একই রকমভাবে চলছেন। এখানেও কোনও বিরাধীরা মাথা তুলে দাঁড়াতে পারছে না। খুবই তীক্ষ্ণ বক্তব্য রাখতে শুরু করে দিয়েছেন মোদি। তার জবাবী আক্রমণকে কেউই সংসদে পরাস্ত করতে পারলেন না। বিরোধী দলের সাংসদেরা তাঁর জবাবী ভাষণ বয়কট করেছিলেন। বিরোধীদের বয়কট ছাড়া আর করার কিছুই ছিল না। মণিপুর নিয়ে যখন লোকসভায় বিরোধী দলের নেতারা চিৎকার করতে শুরু করে দিয়েছিলেন মোদির বক্তব্য চাই। তখন কিন্তু মোদি চুপ করেছিলেন। আর মণিপুর নিয়ে যখন বক্তব্য রাখতে শুরু করলেন তখন বিরোধী সাংসদেরা লোকসভা থেকে বের হয়ে গেলেন। প্রধানমন্ত্রী মোদি বলেছেন, মণিপুরে হিংসা বন্ধ করাটা যেমন সরকারের কাজ ঠিক তেমনি তা বিরোধী দলেরও কাজ। বিরোধী দলের নেতারা মণিপুর গিয়ে সেখানে কিন্তু সবাইকে অস্ত্র ত্যাগের কোনও কথা বলেননি। হিংসা বন্ধ করতে কোনও কথা সেখানকার বাসিন্দাদের সঙ্গে আলোচনা করেননি। সবাই গিয়েছিলেন মণিপুরে মোদির দোষ খুঁজতে। সেখানে বিজেপি দলকে অপদস্ত করতে। কিন্তু তা করতে না পেরে এখন আবার অনাস্থা প্রস্তাব নিয়ে আসা হয়েছে। বিরোধী দলের নেতারা ভারতকে দেউলিয়া করে দিতে চায়। আর্থিক দিক দিয়ে ভারত শক্তিশালী হচ্ছে তা কিন্তু সহ্য করতে পারছে না। রাজ্যের শাসন ক্ষমতায় থেকে সেখানে শুরু করে দিয়েছে দুর্নীতি। এই সব দুর্নীতিগ্রস্ত নেতার এখন এক জোট হয়ে ইণ্ডিয়া নাম গ্রহণ করে ভারতের মুখে চুনকালি লেপন করার চেষ্টা করছে। কিন্তু মনে রাখে যেন যতদিন প্রধানমন্ত্রী পদে থাকছেন মোদি ততদিন কিন্তু বিরোধী নেতাদের সেই ইচ্ছা পূরণ হবে না। তাকে রোধ করার ক্ষমতা রাখে প্রধানমন্ত্রী মোদি। কীভাবে দেশকে রক্ষা করতে হয় তা জানা আছে মোদির। সেই কারণে সবাই ভয় পেতে শুরু করে দিয়েছে।

পাকিস্তানকে ‘জঙ্গি’ দেশ তকমা এবং...

সম্পাদকীয় ২

রাষ্ট্রপুঞ্জে পাকিস্তানকে জঙ্গি রাষ্ট্র ঘোষণা দেওয়ার যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল তাতে সায় ছিল আমেরিকার। আমেরিকা বারবার পাকিস্তানকে সতর্ক করে দিয়েছিল জঙ্গিদের কার্যকলাপ দমন করার জন্য। কিন্তু পাকিস্তান সেটা করতে পারেনি। উপরন্তু দেখতে পাওয়া গিয়েছিল আমেরিকার আর্থিক সহায়তা নিয়ে জঙ্গিদের লালন পালন করছে পাকিস্তান। আমেরিকার অর্থ দিয়ে জঙ্গিদের অস্ত্র কেনা শুরু করলে আমেরিকার এ ব্যাপারে সতর্ক করে দিয়েছিল। কিন্তু পাকিস্তান প্রশাসন জঙ্গিদের কোনও রকমভাবে দমন করতে সমর্থ হচ্ছিল না। জানা গিয়েছে যে যখন লাদেন জীবিত থাকাকালীন তিনি বেশ কয়েকবার পাক কাশ্মীর ঘুরে দেখে গিয়েছিলেন। এমনকী ভারত পাক সীমান্ত এলাকাও পরিদর্শন করেন। তবে হঠাৎ করে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার বিমান দিয়ে ধ্বংস করে দেওয়ার ফলে পরিস্থিতিটা একেবারে পাল্টে যায়। তখন লাদেন আমেরিকার হাত থেকে নিজেকে রক্ষা করতে গোপন স্থানে চলে যাওয়া ছাড়া আর অন্য কোনও পথ খোলা ছিল না। ফলে কাশ্মীর নিয়ে লাদেন যে সিদ্ধান্ত গ্রহণ করেছিল তা সফল করে তুলতে পারেনি। ভারত কাশ্মীরে ব্যাপক নাশকতা চালানোর সিদ্ধান্ত গ্রহণ করেছিল লাদেন বলে জানতে পারা যায়। এর জন্য তালিবানরা পর্যন্ত এগিয়ে আসার সিদ্ধান্ত গ্রহণ করে। হঠাৎ আমেরিকা আফগানিস্তান আক্রমণ করে বসবে এটা কল্পনা করতে পারেনি তালিবানরা। যার ফলে তালিবানরা লাদেনের কাশ্মীর সিদ্ধান্তকে কার্য করতে একেবারে অসমর্থ হল। আসলে জঙ্গি কার্যকলাপকে টিকিয়ে রাখারই হচ্ছে পাকিস্তানের মূল লক্ষ্য। এবারে কিন্তু করোনা পরিস্থিতি একেবারে পৃথিবীর অবস্থানকে পাল্টে দিয়েছিল। এর আগে বহুবার দিল্লি পাকিস্তানের হাতে দাউদের ঠিকানা তুলে দিয়েছিল তাকে একেবারে অস্বীকার করতে শুরু করে পাকিস্তান। দীর্ঘদিন ধরে তাকে নিরাপত্তা দিয়েছে পাকিস্তানের গুপ্তচর সংস্থা আইএসআই। পাকিস্তান সেই সময়ে দাউদের করাচিতে অবস্থানের কথাকে অস্বীকার করে। তার পরে এতদিন বাদ দাউদের অস্তিত্ত্বের কথা পাকিস্তান স্বীকার করে নিতে বাধ্য হল।

তন্ত্র সাধক বামাক্ষ্যাপা



মায়ের আরাধনা করতে হবে। জাগাতে হবে মনের ভক্তিকে। মনের শক্তিকে। মনের শক্তি এবং ভক্তি জাগরিত হলে আর কোনও অপশক্তি আপনাকে পরাস্ত করতে পারবে না। সব অপশক্তি পরাস্ত হবে। তন্ত্র সাধক বামাক্ষ্যাপা মনে করতেন, মানব সেবা ধর্ম হচ্ছে সবচেয়ে বড় ধর্ম। তার ওপরে আর কোনও ধর্ম নেই। গীতায় মানব সেবা ধর্মের কথা বলা হয়েছে। সেখানে বারবার একটি কথা বলা হচ্ছে অসৎ পথ পরিত্যাগ করে সৎ পথে বসবাস করো। তাহলে জীবনকে রক্ষা করতে সক্ষম হবে। জীবন ধন্য হতে শুরু করবে। জীবনকে শক্তিশালী করতে হবে। মনে শক্তি বৃদ্ধি করতে হবে। ধমনীতে শক্তি বৃদ্ধি করতে হবে।

সরকারি শাসনে ওয়েব সিরিজ

রবীন্দ্র কুমার শীল

কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে নেট দুনিয়ার খবর, বিনোদনও এবার সরকারি নজরদারির আওতায় এসে গিয়েছে। নিউজ পোর্টালের খবর হোক বা সোশ্যাল মিডিয়ায় ঘুরতে থাকা খবরের টুকরো (নিউজ ফিড), তথ্যচিত্র হোক কিংবা নেটফ্লিক্স, অ্যামাজন প্রাইম ভিডিয়ো, হটস্টারের মতো স্ট্রিমিং পরিষেবা দেখতে পাওয়া সিনেমা, ওয়েব সিরিজ-যাবতীয় অনলাইন কনটেন্ট (লেখা, অডিয়ো, ভিডিয়ো)-এর ওপরের নজরের ভার তুলে নিল তথ্য ও সম্প্রচার মন্ত্রক। রাষ্ট্রপতির অনুমতি পাওয়ার পরে এই বিষয়ে বিজ্ঞপ্তি জারি করেছিল সরকার। এই খবর আসার পরই তা নিয়ে দিনভর চর্চা করতে শুরু করে দিয়েছে পাড়ায় পাড়ায়। নেট দুনিয়াতে যে কুরুটিকর পূর্ণ মন্তব্য প্রকাশ করতে দেখা যেত বা কোনও উস্কানিমূলক বার্তা দেওয়া যেত সেটা এবারে আর দেওয়া যাবে না। কারোর ওপরে প্রতিহিংসা চরিতার্থ করতে গিয়ে বহু লোকেরা নেট দুনিয়াকে ব্যবহার করতো। এবং অবলীলাক্রমে সেগুলো সর্বত্র ছড়িয়ে দিতে কোনও দ্বিধাবোধ করতো না এবারে সেটাকে নিয়ন্ত্রণ করতে শুরু করে দিয়েছে সরকার। কারোর বিরুদ্ধে বিদ্বেষমূলক মন্তব্য করা চলবে না নেট দুনিয়াতে। এটা কার্যত বিনোদন এবং খবরের সরকারি শাসন কায়েমের পদক্ষেপ বলা যেতে পারে। সরকার বহু দিন ধরে লক্ষ্য করতে শুরু করে দিয়েছে যে নেট দুনিয়ায় এমন সব মন্তব্য প্রকাশিত হতে শুরু করে দিয়েছে যে তা একেবারে কহতব্য নয়। ফলে তাকে নিয়ন্ত্রণ না করা গেলে ভবিষ্যতে নেট দুনিয়ায় দূষণের মাত্রা বৃদ্ধি পেতে থাকবে। নেট দুনিয়াকে নিয়ন্ত্রণ করাটা অত্যন্ত জরুরী হয়ে পড়েছিল বলেই সরকারকে এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করতে হয়েছে। সরকার এখন তথ্য ও সম্প্রচারক মন্ত্রকের ওপরে এই দায়িত্ব দিয়েছে। সরকার আবার কোনও স্বশাসিত সংস্থা গড়ে ঘুরপথে সেই কাজটি তাদের হতে তুলে দিলেও দিতে পারে। আসলে সরকার এখন থেকে নেট দুনিয়ার যেসব খবর প্রচারিত হতে থাকে তার ওপরে নজরদারি করতে শুরু করে দিয়েছে। শুধু খবরের ওপরে নয়, বিনোদনের ওপরে সরকারের নজর থাকবে। গালিলাগাজ ভাষায় শব্দ ব্যবহার করে যেভাবে বিনোদন জগত পরিচালিত হতে শুরু করে দিয়েছে সেখানে থেকে দেশের নাগরিকদের মুক্তি দেওয়ার জন্য এই ধরনের কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে

সরকার। সাহসী শয্যাদৃশ্য, কিংবা যৌন ইঙ্গিতপূর্ণ কথার ছড়াছড়ি আর থাকবে কিনা বিস্তর জল্পনা চলছে তা নিয়ে। তবে বেশির ভাগ ব্যক্তির চিন্তা হচ্ছে খবর নিয়ে। খবরের ওপরে যেভাবে সরকার নজরদারির ব্যবস্থা শুরু করে দিয়েছে তাতে আগামি দিনে খবর কোনও পথ ধরে সম্প্রচারিত হবে তা নিয়ে যথেষ্ট চিন্তা করতে শুরু করে দিয়েছে সবাই। সরকারের ঘরে দুর্নীতি এবং কেলেঙ্কারী কতটা ফাঁস করতে পারবে খবরের পোর্টাল দুনিয়া সেটা এখন সবাইকে ভাবাচ্ছে। বড় সংবাদপত্রে ক্ষেত্রে কোনও কম ভুয়ো খবর প্রকাশিত হলে সরকার তা দ্রুত কঠোর পদক্ষেপ গ্রহণ করতে পারে। এবারে নিউজ পোর্টালের ওপরে এই সিদ্ধান্ত গ্রহণ করেছে সরকার। নিউজ পোর্টাল যেহেতু দ্রুত সারা বিশ্বের মানুষের কাছে দ্রুত পৌঁছে যায় সেই কারণে এই পোর্টাল দুনিয়াকে দুষণ মুক্ত করতে সরকারি উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানতে পারা গিয়েছে। সরকারের মধ্যে যদি সত্যিকারের কোনও কেলেঙ্কারী থাকে বা দুর্নীতি থাকে তাহলে সেটা প্রচার করা যেতে পারে। তবে সেই পোর্টাল সংবাদ সত্য হওয়ার প্রয়োজন রয়েছে। ভুয়ো হলে সেই পোর্টালকে নিষিদ্ধ করে দেওয়ার ক্ষমতা রাখছে সরকার। এমনকী ভুয়ো সংবাদ প্রকাশ করার ফলে পোর্টাল কর্মীদের শাস্তি পর্যন্ত হতে পারে। ভুয়ো খবর প্রচার করে জনপ্রিয় হওয়ার চেষ্টা করছে বহু পোর্টাল সংবাদ দুনিয়া এমনকী দেখতে পাওয়া গিয়েছে যে বিরোধীদের সংবাদকে এমনকভাবে প্রচার করা হচ্ছে যার সঙ্গে সত্যের কোনও সম্পর্ক নেই। এই সব পোর্টাল নিউজ প্রচার করা আর সম্ভব হবে না। সত্যের নিরিখে এখন সব সংবাদ প্রকাশ করতে হবে। সোশ্যাল মিডিয়াতে যে ধরনের খবর পরিবেশন করা হয় তার আকার খুব সংক্ষিপ্ত থাকলে সেটা জোরালো সংবাদ হিসাবে পরিগণিত হয়। তার একটি মাত্র কারণ হচ্ছে খুব অল্প সময়ে মধ্যে গুরুত্বপূর্ণ সংবাদ পরিবেশন করা হয়ে থাকে। একন বহু জনের হাতে অতিরিক্ত সময় থাকে না। ফলে সবাই এখন হাতের মোবাইল খুলে খবরটার দিকে একবার নজর বুলিয়ে নেওয়ার চেষ্টা করে। পোর্টাল দুনিয়া চটকদারি সংবাদ পরিবেশন করতে শুরু করে দিয়েছিল। সেই সব চটকদারি পোর্টাল আর বাজারে চালু থাকবে না। তাদের ওপরে সরকারি নিয়ন্ত্রণ বজায় থাকবে। সরকার বিরোধী সংবাদ পরিবেশন করা চলবে যদি তার মধ্যে সত্যতা থাকে। অসত্য সরকারি খবর কোনও পোর্টাল প্রচার করতে পারবে না। তার জন্য কঠোর করা হয়েছে। আইনী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এমনকী শাস্তির বিধানও দেওয়া আছে। যদিও সরকারের থেকে বলে দেওয়া হয়েছে সরকারি নিয়ন্ত্রণ থাকলে তাদের ওপরে বেড়ি পড়ানোর কোনও চিন্তা করছে না এই মুহূর্তে। তবে ভবিষ্যতে কী হতে পারে সেটা বলা এখন মুশকিল। তবে পোর্টাল নিয়ে যারা সংবাদ সম্প্রচার করেন তাদেরকে আগাম সতর্ক করে দেওয়া হয়েছে। ভবিষ্যতে যেন কোনও রকম বিতর্কমূলক সংবাদ সম্প্রচার করার আগে তা ভালো করে খতিয়ে দেখে। কোনও খবরের কাগজ টাকা বিনিময়ে কোনও খবর ছাপছে কিনা সেটা দেখার দায়িত্ব দেওয়া হয়েছে প্রেস কাউন্সিল অব ইণ্ডিয়ার ওপরে। প্রেক্ষাগৃহে চলচ্চিত্রে ছাড়পত্র দেয় সেন্ট্রাল বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশন। টেলিভিশনের খবর এবং বিজ্ঞাপনের কনটেন্ট খতিয়ে দেখে যথাক্রমে নিউজ ব্রডকাস্টার্স অ্যাসোসিয়েশন এবং অ্যাডভার্টাইজিং স্ট্যাণ্ডার্ডস কাউন্সিল অব ইণ্ডিয়া। সব সংবাদ মাধ্যমের ওপরে সরকারি নজরদারি ছিল। এবারে সেই নজরদারি ওপরে বেশি করে গুরুত্ব দেওয়া হল। এবারে তথ্য ও সম্প্রচার মন্ত্রক এই নজরদারি দায়িত্ব পালন করবে। খবরের সত্যতা এবং নিষ্ঠাবান খবর যাতে প্রকাশ পেতে তার ওপরে বেশি করে গুরুত্ব দেওয়া হয়েছে। এই কথা মনে করিয়ে দিয়েছিলেন বারবার তথ্য ও সম্প্রচার মন্ত্রী। তিনি বলেছিলেন, সংবাদপত্র সত্যের প্রকাশ হবে। কারোর বিরুদ্ধে উস্কানিমূলক কোনও খবর প্রকাশ করা চলবে না। উস্কানি দিয়ে সংবাদ প্রকাশ করলে সেটা হিংসায় পরিণত হতে বেশি সময় লাগবে। ফলে এখন থেকে উস্কানিমূলক বা প্রতিহিংসামূলক কোনও সংবাদ প্রকাশ করা চলবে না।

ভারতকে দোষী করতে গিয়ে পাকিস্তানের হার

বিশেষ প্রতিনিধি

পাকিস্তান চেষ্টা করে যাচ্ছিল যে ভারতকে কূটনৈতিক দিক দিয়ে কোনঠাসা করার। সেটা কিন্তু করতে পারলো না। কূলভূষণ যাদবকে চরবৃত্তি মামলায় জড়িয়ে দিয়ে পাকিস্তান প্রমাণ করতে চাইছিল যে ভারত তাদের দেশের অভ্যন্তরীন বিষয়ে মাথা গলায়। ২০১৬ সালের মার্চ মাসে ভারতীয় নৌসেনার প্রাক্তন অফিসার কুলভূষণকে গ্রেফতার করে পাকিস্তান সেনাবাহিনী। পাকিস্তান দাবি করতে শুরু কবেছিল যে কুলভূষণ বালুচিস্তানে জঙ্গি কার্যকলাপ করার মদতে তাকে গ্রেফতার করেছে পাক সেনারা। পাকিস্তানের সামরিক আদালত তাঁর মৃত্যুদণ্ড ঘোষণা দেয়। ভারত সরকার থেকে বলা হয় যে কুলভূষণের ইরানে ব্যবসা রয়েছে। তাঁকে সেখান থেকে অপহরণ করা হয়েছে। পাকিস্তান সেটাকে এখন জঙ্গি কার্যকলাপ বলে চালিয়ে দেওয়ার চেষ্টা করছে। ২০১৭ সালে ৮ মে তারিখে ভারত সরকার কুলভূষণ কাণ্ড নিয়ে দ্য হেগের আন্তর্জাতিক ন্যায় আদালতে মামলা দায়ের করে। কুলভূষণের মৃত্যুদণ্ডাদেশ রুখে দেয় আন্তর্জাতিক ন্যায় আদালত। ২০১৯ সালে পুলওয়ামার হামলার পরবর্তী সময়ে কূলভষণকে কেন্দ্র করে ভারত পাকিস্তানের কৌঁসুলীরা আন্তর্জাতিক ন্যায় আদালতে দ্বারস্থ হয়। ভারতের আইনজীবী হরিশ সালভে আদালতে বিচারপতিকে জানিয়েছিলেন যে পাকিস্তান সরকার কুলভূষণের সঙ্গে ভারতে কূটনীতিকদের দেখা করতে দেওয়া হয়নি। তিনি আবেদন করেছিলেন মৃত্যুদণ্ড খারিজ করে দিয়ে কূলভূষণকে অচিরেই ভারতে ফেরত পাঠানো হোক। পাকিস্তানের কৌঁসুলি খাওয়র কুরেশি পাল্টা সাওয়াল করে বলেছিলেন, এই বিষয় নিয়ে আন্তর্জাতিক আদালতে শরণাপন্ন হওয়ার অধিকার ভারতের নেই। কূলভূষণ যাদব চরবৃত্তির কাজে যুক্ত ছিলেন বলেই তাঁর সঙ্গে ভারতীয় কূটনীতিকের সঙ্গে দেখা করতে দেওয়া সম্ভব হয়নি। কিন্তু আন্তর্জাতিক ন্যায় আদালত ভারতের দাবিকে সমর্থন করে বলেছিল, ভারতের আর্জি গ্রহণযোগ্য। পাকিস্তান সরকার ভিয়েনা সনদ লঙ্ঘন করেছে। ভারতীয় কূটনীতিকদের সঙ্গে কুলভূষণের দেখা করতে দিতে হবে। তাঁর আইনী প্রতিনিধিত্বের ব্যবস্থা করতে হবে। পুনর্বিবেচনা করতে হবে তাঁর মৃত্যুদণ্ডাদেশ। হেগের আন্তর্জাতিক ন্যায় আদালতে রায়ে পাকিস্তান সরকারের আইনী পরাজয় ঘটল বলে মনে করতে শুরু করে দিয়েছে বিশ্ব মানবাধিকার কমিশন। বিশ্ব মানবাধিকার কমিশন থেকে বারবার বলা হচ্ছিল যে পাকিস্তান মানবাধিকার একেবারে নষ্ট হয়ে গিয়েছে। সেখানে কোনও রকমভাবে মানবাধিকারের স্থান নেই। পাক সেনারা এবং জঙ্গিরা যা বলবে তাই সেখানে আইন। আইন বলে কোনও বস্তু সেখানে দেখতে পাওয়া একেবারে অসম্ভব। এদিকে মুম্বই মামলার মূল চক্রী ও জামাত-উদ-দাওয়া প্রধান হাফিজ সইদ আবার গ্রেফতার করলো পাকিস্তানের সন্ত্রাস দমন দফতর। হাফিজ

জেলে থাকলেও সেখান থেকে সে তার সংগঠনকে পরিচালনা করছে। চিনও পাকিস্তান সন্ত্রাসবাদীদের মদত দিতে শুরু করেছে। ভারত যাকে সন্ত্রাসবাদী বলে চিহ্নিত করছে চিন তাকে ভালো মানুষ বলে স্বীকৃতি দিচ্ছে এবং সন্ত্রাসবাদী বলে মেনে নিতে পারছে না। এদিকে সাউথ ব্লকের সূত্র থেকে বলা হয়েছে, এই মুহূর্তে সন্ত্রাসবাদী তকমা তুলে ধরার দায় স্বীকার করে নেওয়ার চেষ্টা করছে। হাফিজকে গ্রেফতার করা হয়েছে ঠিকই। কিন্তু তাকে নিরাপত্তা দেওয়ার জন্যই এই ধরনের গ্রেফতার। পাকিস্তানের প্রধানমন্ত্রী আমেরিকার প্রেসিডেন্টকে দেখাতে চান পাকিস্তান সন্ত্রাসবাদীদের কোনও সময়ে রাজনৈতিক আশ্রয় দেয় না বা প্রশ্রয় দেয় না। কিন্তু আমেরিকার পাকিস্তানের কথার ওপর কোনও ভরসা করতে পারছে না। পাকিস্তান এক সময়ে বলেছিল ওসামা বিন লাদেন পাকিস্তানে নেই। কিন্তু তাকে বহাল তবিয়তে রাখার দায়িত্ব গ্রহণ করেছিল পাকিস্তান। রাতের বেলায় আমেরিকার সেনারা গিয়ে ওসামা বিন লাদেনের বাড়ি আক্রমণ করে তাকে হত্যা করে। পাকিস্তান এ ব্যাপারে একটি কথাও বলতে পারেনি তারপর থেকে। আসলে পাকিস্তানের করার কিছুই নেই। গোটা দেশটা চলে সন্ত্রাসবাদীদের নির্দেশে। সেনারা পর্যন্ত সন্ত্রাসবাদীরে ভয়ে কুঁকড়ে থাকে। তারাও ভয়ে বেশি কথা বলতে পারে না। প্রশাসনও কিন্তু সন্ত্রাসবাদীদের ওপরে কোনও কথা বলতে পারে না। তারাও সন্ত্রাসবাদীদের সঠিক আস্তানা থেকে শুরু করে ঘর বাড়ি খাবারদাবার প্রস্তুত করে দেয়। দেয় আর্থিক সাহায্য। এই সব কিছু খুব গোপনে আসে। কোথা থেকে টাকা আসে তার ভারতীয় গোয়েন্দাদের কাছে খবর থাকলে পাকিস্তান তা অস্বীকার করে। ফলে লাভ কিছুই হয় না। হাফিজকে আন্তর্জাতিক সন্ত্রাসবাদী তকমা দিয়ে কোনও লাভ হয়েছে কি। তার সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে সেটা শুধু সংবাদপত্রে পড়ে জানতে পারা যায়। তার বাইরে কোনও কিছুই হয়নি। সব কিছুই আগের মতো রয়েছে। এখনও হাফিজ তার নিজস্ব অফিস খুলে বসে। সেখানে জেহাদি কর্তাবার্তা চলে। আগামি দিনে কোনও পথ ধরে আক্রমণ করা হতে তা নিয়ে চলে জল্পনা। কাশ্মীর সমস্যায় ভারতকে আরও কীভাবে জড়িয়ে রাখা যেতে পারে তা নিয়ে চলে পরিকল্পনা। তার সঙ্গে মদত দেয় পাকিস্তানের গুপ্তচর সংস্থা আইএসআই। তারাই এখন হাফিজকে প্রয়োজনে কাজে লাগাতে শুরু হয়ে দিয়েছে। সন্ত্রাসবাদী হামলা কোন পথ ধরে হবে তার ব্লুপ্রিন্ট তৈরি হাফিজ। বালুচিস্তানে ভারতে গুপ্তচর সংস্থা কাজ করে চলেছে বলে খবর রটিয়ে দেওয়ার চক্রান্তে লিপ্ত থাকে হাফিজ বাহিনী। পাকিস্তানের এখন সবচেয়ে বড় চিন্তা যে আর কোনও শক্তিশালী জঙ্গি সংগঠন তৈরি হচ্ছে না। সবাই এখন শিক্ষিত হয়ে বিদেশে কাজ করতে শুরু করে দিয়েছে। পাকিস্তানের মাটিতে অর্ধশিক্ষিত অশিক্ষিত তরুণদের আর বেশি দিন খুঁজে পাওয়া একেবারে অসম্ভব হবে। তখন পাকিস্তানকে জঙ্গি ভাড়া করতে হবে বিদেশ ছেকে কাশ্মীর সমস্যাকে জিইয়ে রাখার জন্য। কাশ্মীর হচ্ছে পাকিস্তানের বাঁচার একমাত্র জিয়নকাঠি। এটা ভুলে গেলে চলবে না। যতদিন পাকিস্তান নামক দেশটি থাকবে ততদিন কাশ্মীর সমস্যার কোনও সমাধান নেই সেটা ভারত বুঝে গেছে। ভারত কেন সারা বিশ্ব বুঝে গিয়েছে। তারা এখন এই সমস্যা থেকে ফায়দা লোটার চেষ্টা করছে। পাকিস্তান তরুণদের জন্য কোন কাজ নেই। বহু পাকিস্তানি বেকার হয়ে ঘুরে বেড়াচ্ছে। তারা কেন সেখানকার সন্ত্রাসবাদী সংগঠনে নাম লেখাতে শুরু করেছে পেটের দায়ে। যার ফল পাকিস্তানের সন্ত্রাসবাদী সংগঠনগুলি শক্তিশালী হতে শুরু করেছে। জঙ্গি তরুণ ব্রিগেড তৈরি করেছে পাকিস্তান। এই জঙ্গি তরুণ ব্রিগেডের একমাত্র লক্ষ্য হল ভারতের সীমান্তে প্রবেশ করে জঙ্গি হামলা চালানো এবং পাকিস্তানের মধ্যে ভারত বিদ্বেষী পরিবেশ তৈরি করা যাতে করে কোনও পাকিস্তান নাগরিক ভারত সম্পর্কে ভালো ধারনা না করতে পারে। এদিকে ভারত কিন্তু পাকিস্তানের সঙ্গে সীমান্ত ব্যবসা বন্ধ করেনি। পাকিস্তানের সাধারণ নাগরিকদের দিকে চেয়ে ভারত সীমান্ত ব্যবসা খোলা রেখেছে। ভারত সীমান্ত ব্যবসা বন্ধ করে দিলে পাকিস্তানে গৃহ যুদ্ধ লেগে যাবে। ভারত এখনই পাকিস্তানকে কড়া শাস্তি দিতে চাইছে না। সময় আসলে তা করা হবে বলে ভারতের কূটনীতি সূত্র থেকে জানতে পারা গিয়েছে।

হেরিটেজ ট্যাংরায় চিনাদের কালী বাড়ি

কলকাতার ট্যাংরাতে রয়েছে চিনাদের কালী মন্দির। ট্যাংরার চায়না টাউনের পাশে রয়েছে এই কালী মন্দির। হিন্দু ধর্ম মতে এখানে পুরোজ আয়োজন করা হয়ে থাকে। অমাবস্যার দিন তিথি নক্ষত্র দেখে পুজোর আয়োজন করে চিনা পুরোহিত। বংশ পরম্পরায় এই চিনা পুরেহিত পুজোর আয়োজন করে থাকে। জানা গিয়েছে তিব্বতেও কালী পুজোরচল আছে। যদি সেখানে কালীর নাম অন্য। আবার দেখতে পাওয়া যায় নেপালেও কালীপুজোর চল রয়েছে। শক্তি পুজো আগে সারা ভারতবর্ষে প্রচলিত ছিল। দুর্গা পুজোর আগে কালী পুজো এসেছে বলে অনেকেই মনে করে থাকেন। কালী যেহেতু তান্ত্রিক মতে পুজো হয়। সেই কারণে কালী পুজো রাতের বেলায় অনুষ্ঠিত হয়। কালী পুজো আগে তিব্বতে হতে দেখা গিয়েছে। সেখানকার তান্ত্রিকেরা এই পুজোর করে থাকে। আবার নাগাল্যাণ্ডে ওই পুজোর চল রয়েছে। সেখানে আবার বৈষ্ণব ধর্মও প্রচলিত রয়েছে।

কলকাতার ট্যাংরাতে যে কালী পুজো হয়ে থাকে সেটা কিন্তু বাংলার তান্ত্রিক মতে পুজো হয়। সেখানে বলি হয়তো হয় না। কিন্তু বলি ছাড়াও সেখানে শস্য বলি দেওয়া হয়ে থাকে। বহু চিনা রমনীরা কালী মায়ের সমানে মানত করে। কেই আবার হিন্দু মেয়েদের মতো মাথা নিচু করে হাত জোড় করে প্রনাম করে মা কালীকে। বহু চিনা মেয়েদের বলতে শোনা গিয়েছে যে ট্যাংরার চিনা কালী খুব জাগ্রত। পুজোতে মাকে ভোগ দেওয়া হয়। সেখানে কোনও আমিষ থাকে না। মায়ের ভোগের সময়ে মাকে খিচুরি, আলু ভাজা, ডাল, দই, চচ্চুরি দেওয়া হয়ে থাকে। সবাই এই ভোগ বা প্রসাদ গ্রহণ করে। যে কোনও ব্যক্তিরা মায়ের কাছে এসে প্রনাম বা দর্শন করলেই তাদেরকে মায়ের ভোগ দেওয়া হয়ে থাকে। সেখানকার বহু ভিন ধর্মী লোকেরা মায়ের এই ভোগ বা প্রসাদ গ্রহণ করে থাকে। মায়ের পুজো এখনকার সব বাসিন্দারা নিষ্ঠার সঙ্গে করে থাকে।

প্রতিবন্ধী শিশুরা 'স্বপ্ন তোরণ'-এ আকর্ষণীয় রাখি তৈরি করছে

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১১ আগস্ট ঃ বিশেষ চাহিদা সম্পন্ন ছেলেমেয়েদের হাতে তৈরি হচ্ছে আকর্ষণীয় রাখি। খড় সহ বিভিন্ন প্রাকৃতিক উপাদান দিয়ে এই রাখিগুলো তৈরি করছেন 'স্বপ্ন তোরণ' নামে একটি সংস্থার সাতজন সদস্য। আর কিছুদিন পরই শুরু হবে রাখি বন্ধন উৎসব। উৎসবে মেতে উঠবে গোটা দেশের মানুষ। এর আগে দিনরাত রাখি তৈরিতে ব্যস্ত জলপাইগুড়ির বিশেষ চাহিদা সম্পন্ন এই শিল্পীরা। কমলা মণ্ডল ও মহাদেব দত্ত সহ সাতজন মিলে কাজ করে রাখিগুলো তৈরি করছেন।

এমনিতে সারা বছর ধরে ধূপকাঠি তৈরি, মাশরুম চাষ সহ বিভিন্ন ধরনের হস্তশিল্পের কাজ করেন এই শিল্পীরা। এবার সামান্য কিছু রোজগারের আশায় রাখি তৈরিতে মন দিয়েছেন তারা। সম্পূর্ণ প্রাকৃতিক উপাদান দিয়ে তৈরি তাদের সুন্দর ডিজাইনের রাখি সকলেরই নজর কাড়বে বলে আশা। 'স্বপ্ন তোরণে'- র সম্পাদক দেবাশিস চক্রবর্তী বলেন, খড় সহ বিভিন্ন প্রাকৃতিক উপাদান দিয়ে তৈরি এই রাখিগুলো দেখতে বেশ আকর্ষণীয়। যারা তৈরি করছে তাদের সকলেই শারীরিক প্রতিবন্ধী। জলপাইগুড়ি শহরের এমন সাতজন বিশেষ চাহিদা সম্পন্ন ছেলেমেয়ে মিলে তৈরি করছে কয়েক হাজার রাখি। অর্ডার অনুযায়ী জলপাইগুড়ির পাশাপাশি রাজস্থান, কলকাতা সহ বিভিন্ন শহরে যাবে এই রাখিগুলো। দেবাশিস জানান, তাদের তৈরি এই রাখির মূল্য পাঁচ টাকা থেকে কুড়ি টাকা পর্যন্ত।

ক্লাবে হানা পুলিশের, গ্রেপ্তার ৮

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১১ আগস্ট ঃ শিলিগুড়ির মিলনমোড় এলাকায় অবৈধ ফ্রেন্ডশিপ ক্লাবে হানা দিল প্রধাননগর থানার পুলিশ। ঘটনায় গ্রেপ্তার ৮ মহিলা। ধৃতদের শুক্রবার তোলা হলো শিলিগুড়ি আদালতে। বৃহস্পতিবার গোপন সূত্রে খবরের ভিত্তিতে মিলনমোর এলাকাতে অভিযান চালিয়ে সেখান থেকে এই আট মহিলাকে গ্রেফতার করে প্রধান নগর থানার পুলিশ। জানা যায় কোন মারফত মানুষের সঙ্গে প্রতারণা করে টাকা লুটের চক্র চালাতো এই ফ্রেন্ডশিপ ক্লাব।

ইন্ডিয়ান বেস মেটালস কোম্পানি লিমিটেড

রেজ অফিসঃ ২৪০বি, আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, ২য় তল, কলকাতা-৭০০০২০
ফোনঃ (০৩৩) ৭৯৬৬০৪৫৮
ই-মেলঃ bansalramesh@hotmail.com,
ওয়েবসাইটঃ www.indianbasemetals.com
CIN: L27209WB1971PLC028015

৩০ জুন, ২০২৩ তারিখে শেষ হওয়া ত্রৈমাসিক এবং অর্থ বর্ষ শেষের অনিরীক্ষিত আর্থিক ফলাফল (টাকা লক্ষে)

ক্রম নং	বিবরণ	৩ মাস শেষে ৩০.৬.২৩ (অনিরীক্ষিত)	বছর থেকে তারিখ ৩১.৩.২৩ (পরীক্ষিত)	পূর্ব বর্ষের সমযামায়িক ৩ মাস শেষে ৩০.৬.২২(অনিরীক্ষিত)
১	কারবার থেকে মোট আয়	৭.০২	২৮.২৯	৬.৯৩
২	মোট লাভ / (ক্ষতি)(কর, ব্যতিক্রমী এবং অথবা অসাধারণ আইটেমের পূর্বে)	২.২২	১৪.৮৫	৩.৯৫
৩	মোট লাভ / (ক্ষতি)করের পূর্বে, (ব্যতিক্রমী এবং অথবা অসাধারণ আইটেমের পরে)	২.২২	১৪.৮৫	৩.৯৫
৪	মোট লাভ / (ক্ষতি)করের পরে, (ব্যতিক্রমী এবং অথবা অসাধারণ আইটেমের পরে)	১.৬৪	১০.৭৫	২.৯২
৫	এই সময়ের জন্য মোট ব্যাপক আয় / (ক্ষতি) অন্যান্য সমন্বিত আয় (করের পরে)	১.৬৪	১২.৪৯	২.৯২
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৩০০.১৩	৩০০.১৩	৩০০.১৩
৭	রিসার্ভস(রেভালুয়েশান রিসার্ভস পূর্বেকার বছরের নিরিখে)	-	২৯০.৬২	-
৮	শেয়ার প্রতি আয় (১০টাকা প্রতি) (ক্রমাগত এবং বিচ্ছিন্ন কার্যকলাপের ক্ষেত্রে) (এফ ভি ১০টাকা প্রতি) বেসিক এবং ডাইলুটেড	০.০৫	০.৪২	০.১০

নোটঃ
১. উপরোক্তটি একটি সংক্ষিপ্ত রূপ ত্রৈমাসিক এবং অর্থ বর্ষ শেষে ৩০ জুন, ২০২৩ যা অডিট কমিটি দ্বারা
পর্যালোচিত এবং ১১ আগস্ট, ২০২৩ এ ডিরেক্টরদের বোর্ডের সভায় অনুমোদিত।
২. উপরের এই ফলাফলটি ৩০ জুন, ২০২৩ তারিখে শেষ হওয়া অর্থ বর্ষ এবং ত্রৈমাসিক শেষের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত রূপ যা নিবন্ধত হয়েছে SEBI (লিস্টিং অ্যান্ড আদার ডিস্ক্লোসার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫। এই ফলাফলের পুরনাঙ্গ রূপ কম্পানির ওয়েবসাইট (www.indianbasemetals.com) তে পাওয়া যাবে।
৩. পূর্বেকার সময়ের অঙ্কগুলি পুনরায় সঙ্গবদ্ধ করা হয়েছে যখন যেখানে প্রয়োজন হয়েছে বর্তমান সময়ের শ্রেণীবিভাগের সাথে সামঞ্জস্য করতে।

ডিরেক্টরদের বোর্ডের আদেশানুসারে
স্বাক্ষর /-
রমেশ বানসাল
ম্যানেজিং ডিরেক্টর এবং সিএফও

স্থানঃ কলকাতা
তারিখঃ ১১ আগস্ট, ২০২৩

তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস কে সাফল্যমন্ডিত বিশেষ বৈঠক

দুরন্ত বার্তা, দক্ষিণ দিনাজপুর, ১১ আগস্ট ঃ আগামী ২৮ আগস্ট তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস কে সাফল্যমন্ডিত করতে দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুরে গঙ্গারামপুর ব্লক ও গঙ্গারামপুর টাউন ও গঙ্গারামপুর কলেজ ছাত্র পরিষদের তরফে তৃণমূল ছাত্র পরিষদের বিশেষ বৈঠক আয়োজিত হলো। শুক্রবারে এই বৈঠক উপস্থিত ছিলেন রাজ্য তৃণমূল ছাত্র পরিষদের সম্পাদক কৌশিক সাহা, জেলা তৃণমূল ছাত্র পরিষদ সভাপতি অমরনাথ ঘোষ সহ অন্যান্য দলীয় নেতৃত্বরা। এ বিষয়ে রাজ্য তৃণমূল ছাত্র পরিষদের সম্পাদক কৌশিক সাহা জানান, জেলা তথা গঙ্গারামপুর থেকে অন্য বছরে তুলনায় রেকর্ড ভিড় হবে গান্ধী মূর্তির পাদদেশে তৃণমূল ছাত্র পরিষদের কর্মী সমর্থক ও ছাত্রছাত্রীদের। এবং আগামী গঙ্গারামপুর কলেজে ক্যাম্প করা হবে যেখান থেকে পরদিন সকালে কলকাতা গামী ট্রেনে করে কলকাতায় গান্ধী মূর্তির পাদদেশে ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে সেই বিশাল জনসভার উদ্দেশ্যে রওনা দেবেন সকলেই। গঙ্গারামপুর কলেজের সেমিনার হলে এই বিশেষ বৈঠক আয়োজিত হয়। এই দিনের দিনের এই বৈঠকে টাউন ব্লক ও কলেজ ইউনিটের তৃণমূল ছাত্র পরিষদের সকল নেতৃত্বের পাশাপাশি উপস্থিত হয়েছিলেন সংগঠনের কর্মী সমর্থকরা। উপস্থিত প্রত্যেকের উৎসাহ উদ্দীপনা ছিল চোখে পড়ার মতো।

BIDHANNAGAR MUNICIPAL CORPORATION
POURA BHABAN, BIDHANNAGAR

NIT No. 394/PWD/ROAD/BMC,
Dated: 10.08.2023

e-Tender has been invited for Repairing of bituminous and concrete road at different locations within ward no. 20 to 41under BMC.
For details, please follow **Tender Id 2023_MAD_556767_1 to 22 in www.wbtenders.gov.in** Office Notice Board **Last date of Bid submission - 21/08/2023 up to 3.00 p.m.**

Sd/-
Executive Engineer
Bidhannagar Municipal Corporation

OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER, NANDIGRAM- II DEVELOPMENT BLOCK
Reapara, Purba Medinipur

TENDER NOTICE

Block Development Officer, Nandigram-II, Purba Medinipur invites online Tender Notice against Tender Memo no. 1441, Dated 11/08/2023(3rd call) for 3(three) nos. of scheme, out of SSM Fund. Last Date of submission of online Tender memo no. 1441, is on 18.08.2023 upto 04.00 P.M. Details of above tender are available in the Govt. Tender site.

Sd/-
Block Development Officer,
Nandigram-II Dev. Block.

REGENCY TRUST LIMITED

CIN: L27109WB1988PLC045119
Reg. Office: 39 R B C Road, Ground Floor, Near DumDum Central Jail, Kolkata - 700028
Corp Off: G-10, Harmony, 3rd Cross Lane, Lokhandwala Complex, Andheri West, Mumbai - 400053

EXTRACT OF UNAUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2023

(₹ in Lakhs)

Sr. No.	Particulars	Quarter ended 30-Jun-23 Unaudited	Year ended 31-Mar-23 Audited	Quarter ended 30-Jun-22 Unaudited
1	Total Income from Operations	20.00	131.02	51.00
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items)	-6.27	-46.19	2.74
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	-6.27	-46.19	2.74
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	-6.27	-46.19	2.74
5	Total Comprehensive Income for the period (after tax)	-6.27	-46.19	2.74
6	Equity Share Capital (Face Value of Re. 1/- each)	100	100	100
7	Earnings Per Share (of Re. 1/- each) (for continuing and discontinued operations) -			
	1. Basic :	0.00	0.00	0.02
	2. Diluted :	0.00	0.00	0.02

Notes:
a The above Results have been reviewed by the Audit Committee and taken on Record by the Board of Directors at its meeting held today.
b The above is an extract of the detailed format of Quarterly Financial Results for the quarter ended June 30, 2023, filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results for the quarter ended June 30, 2023 are available on the websites of BSE (www.bseindia.com) and Company's website (www.regencytrust.co.in)

For Regency Trust Limited
Sd/-
Rajesh Kapoor
Managing Director
DIN: 02757121

Date : August 10, 2023
Place : Mumbai

কারনেশান ইন্ডাস্ট্রিস লিমিটেড

রেজ অফিসঃ ৯সি, কুমার পাড়া রোড, দ্বিতীয় তল, লিলুয়া, হাওড়া-৭১১২০৪
CIN: L27209WB1983PLCO35920
ফোন নংঃ (+৯১-৩৩) ২২৮৭ ৮২২৯
ই-মেলঃ ravisehgal5@carnationindustries.com, ওয়েবসাইট www.carnationindustries.com
৩০ জুন, ২০২৩ তারিখে শেষ হওয়া ত্রৈমাসিক এবং অর্থ বর্ষ শেষের অনিরীক্ষিত আর্থিক ফলাফল (টাকা লক্ষে)

ক্রম নং	বিবরণ	৩ মাস শেষে ৩০.৬.২৩ (অনিরীক্ষিত)	৩ মাস শেষে ৩০.৬.২২ (অনিরীক্ষিত)	বর্ষ শেষে ৩১.৩.২৩ (পরীক্ষিত)
১	কারবার থেকে মোট আয়	-	-	-
২	মোট লাভ / (ক্ষতি)(কর, ব্যতিক্রমী এবং অথবা অসাধারণ আইটেমের পূর্বে)	(১৭.৩০)	(১৭.৫৭)	(১০৪.৬৩)
৩	মোট লাভ / (ক্ষতি)করের পূর্বে, (ব্যতিক্রমী এবং অথবা অসাধারণ আইটেমের পরে)	(১৭.৩০)	(১৭.৫৭)	(১০৪.৬৩)
৪	মোট লাভ / (ক্ষতি)করের পরে, (ব্যতিক্রমী এবং অথবা অসাধারণ আইটেমের পরে)	(১৯.৭২)	(১৯.৯০)	(১২২.০১)
৫	এই সময়ের জন্য মোট ব্যাপক আয় / (ক্ষতি) অন্যান্য সমন্বিত আয় (করের পরে)	(১৯.৭২)	(১৯.৯০)	(১২০.৫৮)
৬	ইক্যুইটি শেয়ার মূলধন		-	৩৪৫.৭২
৭	রিসার্ভস(রেভালুয়েশান রিসার্ভস পূর্বেকার বছরের নিরিখে)			(৫৮৬.৮৬)
৮	শেয়ার প্রতি আয় (১০টাকা প্রতি)			
	বেসিক	(০.৫৭)	(০.৫৮)	(৩.৫৩)
	ডাইলুটেড	(০.৫৭)	(০.৫৮)	(৩.৫৩)

নোটঃ
উপরোক্তটি SEBI (লিস্টিং অ্যান্ড আদার ডিস্ক্লোসার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ এর রেগুলেশন ৩৩ এর অধীনে স্টক এক্সচেঞ্জে দাযের করা অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ বিন্যাসের একটি সংক্ষিপ্ত রুপ।
এই ফলাফলের পুরনাঙ্গ রূপ স্টিক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.bseindia.com) এবং কম্পানির ওয়েবসাইট (www.carnationindustries.com) তে পাওয়া যাবে।

ডিরেক্টরদের বোর্ডের তরফ থেকে
আর. পি. সেহগাল
ম্যানেজিং ডিরেক্টরম্যানেজিং ডিরেক্টর

স্থানঃ কলকাতা
তারিখঃ ১১.০৮.২০২৩

পঞ্জাব নৈশনল বৈঁক (भारत सरकार का उपक्रम) | pnb punjab national bank (Govt. of India Undertaking) | Oriental | United

[নিয়ম ৮(১)]
দখলের নোটিশ
(স্থাবর সম্পত্তির জন্য)

সাস্ত্র সার্কেল অফিস- দক্ষিণ ২৪ পরগণা

আমতলা রোড, পদ্মপুকুর মোড়ের কাছে, পিও - বারুইপুর, জেলা - ২৪ পিজিএস (দক্ষিণ), কলকাতা - ৭০০ ১৪৪
টেলিফোন ০৩৩ ২৪৩৩ ৫০৪৬, ই-মেইল cs8319 @ pnb.co.in

যেখানে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর বিধি ৩-এর সাথে পড়া ১৩ ধারার অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগের জন্য অনুমোদিত অফিসার, প্রতিটি অ্যাকাউন্টের বিপরীতে উল্লিখিত তারিখগুলিতে ডিমান্ড নোটিশ জারি করে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদেরকে নোটিশের তারিখউক্ত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে প্রতিটি অ্যাকাউন্টের বিপরীতে উল্লিখিত অর্থ পরিশোধ করার আহ্বান জানায়। ঋণগ্রহীতা (রা) অর্থ পরিশোধে ব্যর্থ হয়েছেন, এতদ্বারা ঋণগ্রহীতা (দের) এবং সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে নিম্নস্বাক্ষরকারী তার অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে নীচে বর্ণিত সম্পত্তি (গুলি) দখল করেছে।
আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৪) নীচে উল্লেখিত তারিখগুলিতে নিরাপত্তা স্বার্থ প্রয়োগ) বিধিমালা, ২০০২-এর বিধি ৮ সহ পঠিত। ঋণগ্রহীতা / জামিনদার/ বন্ধক-এর দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৮) এর বিধানগুলির প্রতি আমন্ত্রণ জানানো হচ্ছে সুরক্ষিত সম্পদগুলি খালাস করার জন্য উপলব্ধ সময়ের ক্ষেত্রে ঋণগ্রহীতাকে বিশেষ করে এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে তাদের সাথে লেনদেন না করার জন্য সম্পত্তিগুলি এবং সম্পত্তিগুলি নিয়ে.যে কোনও লেনদেনের পরিমাণ এবং সুদের জন্য পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের চার্জ সাপেক্ষে হবে।

ক্রম নং	ক) শাখার নাম খ) হিসাবের নাম গ) ঋণগ্রহীতার নাম (সম্পত্তির মালিক) বন্ধককৃত	সম্পত্তির বিবরণ	ক) ডিমান্ড নোটিশের তারিখ খ) দখলের তারিখ গ) ডিমান্ড নোটিশের ডেটা অনুযায়ী বকেয়া পরিমাণ
১.	ক) আমতলা শাখা খ) মেসার্স আনোয়ারা স্টোর, প্রোপ-আনোয়ারা মোল্লা এসি/ নং ০১৩৬২৫০০৬৯৩৬৮ (সিসি) এবং ০১৩৬২০ জেওয়াই ০০০০০০১২ (টিএল) গ) **১. মিসেস আনোয়ারা বিবি** ওয়াই অফ. মোহাম্মদ আব্দুর রউফ মোল্লা ২. **মোহাম্মদ আব্দুর রউফ মোল্লা** S/o. সিরাজুল ইসলাম মোল্লা উভয়েই আছেন জলিলপুর দোসাটিনা, দক্ষিণ ২৪ পরগণা, বিষ্ণুপুর, পশ্চিমবঙ্গ, পিন - ৭৪৩ ৫০৩	আনোয়ারা বিবির নামে ১২ সাতক পরিমাপের জমিতে জমি ও ভবনের ন্যায়সঙ্গত বন্ধক, মহম্মদ আব্দুর রউফ মোল্লা মৌজায় অবস্থিত - জলিলপুর আরএল এলআর দাগ নং ১০৮, জেএল ১০৭, তৌজি ৩৯৫, আরএস খতিয়ান নং ১১৪, আরএস খতিয়ান নং ৭০৪ ভান্ডারিয়া কাস্তেকুমারী জিপিপিএস - বিষ্ণুপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগণা, পিন - ৭৪৩ ৫০৩।	ক) ১৭.০৫.২০২৩ খ) ০৮.০৮.২০২৩ গ) **টাকা ৬,৩২,৭১৬.৪১** (টাকা ছয় লাখ বত্রিশ হাজার সাতশ ষোল এবং মাত্র একচল্লিশ পয়সা)
২.	ক) আমতলা শাখা খ) **১. মিঃ সুবিনয় পাল এবং মিসেস সম্পা পাল** এসি/ নং ০১৩৬৬৩০০০৭৩৪৪০ (টিএলপিএইচএল) ২. **মেসার্স জয় এন্টারপ্রাইজ, প্রোপ- মিঃ সুবিনয় পাল** এসি/নং ০১৩৬২৫০০২১১১১ (সিসিওটিএইচ) এবং ০১৩৬৬৩০০০৮১৭১৩ (টিএলজিসিএল) গ) **১. মিঃ সুবিনয় পাল, এসও. শ্যামল পাল** ২. **মিসেস সম্পা পাল, ওয়াইঅফ. সুবিনয় পাল** দুজনেই আছেন ভিল - আমতলা এনডি রোড, পিও - কন্যানগর, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, পিন - ৭৪৩ ৩৯৮	এই সমস্ত অংশ এবং পার্সেল একটি স্বয়ংসম্পন্ন আবাসিক ফ্ল্যাট, ফ্ল্যাট নং ক-৪ হচ্ছে কমবেশি ১১৮৭ বর্গফুট পরিমাপ। ৪র্থ তলায় সুপার বিল্ট আপ এলাকা, দক্ষিণ-পূর্ব-পশ্চিম খোলা এবং একটি খোলা গাড়ি পার্কিং স্থান যার পরিমাপ কমবেশি ১০০ বর্গফুট। একটি নবনির্মিত জিআইভি তলা ভবনের নিচতলায় অবস্থিত এবং দাগ নং ১৫১০, খতিয়ান নং ১০৯৩ এবং ১০৯৪, মৌজা - পূর্ব বড়িশা, জেএল নং ২৩, আরএস দাগ নং ৪৩, তৌজি নং ১-৬, ৮-১০, ১২-১৬, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমার মধ্যে, ওয়ার্ড নং ১২৪, প্রাঙ্গণ নং ১৯, চণ্ডীচরণ ঘোষ রোড, কলকাতা - ৭০০ ০০৮, অধীনে পুনশ্চ. - ঠাকুরপুকুর, জেলা - দক্ষিণ ২৪ পরগণা, বাটেড এবং বাউন্ডেড উত্তরে - ২২' চওড়া কেএমসি রোড, দক্ষিণে - বেহালা ফায়ার স্টেশনের ভবন দ্বারা, পূর্বে - সমরেন্দ্র নাথ দে এবং অন্যান্যদের বাড়ি ভবন দ্বারা (ফ্ল্যাট), পশ্চিমে - প্রাঙ্গণ নং ১৬বি, চণ্ডীচরণ ঘোষ রোড দ্বারা।	ক) ০৫.০৪.২০২৩ খ) ০৮.০৮.২০২৩ গ) **টাকা ৬১,৭৮,৪৭৪.৫৫** (টাকা ছেষট্টি লক্ষ ছিয়াত্তর আট হাজার চারশ চুয়াত্তর এবং পঞ্চান্ন পয়সা মাত্র)
